ওঁ নমন্তে সতে তজ্জগৎকারণায় নমস্তে চিতে সর্বলোকাশ্রয়ায় ৷ नरमा ३ देव ७ उद्दार मुक्ति अमारा নমোব্রহ্মণে ব্যাপিনে শাশ্বতায়।। স্বমেকং শরণ্যং স্বমেকং বরেণ্যং ত্বমেকং জগৎপালকং স্বপ্রকাশং 1 ত্বমেকং জগৎকর্ত্ত্ পাতৃ প্রহর্ত্ত ত্বমেকংপরংনিশ্চলং নির্বিক্পেং 11 ভয়ানাং ভয়ং ভীষণং ভীষণানাং গতিঃ প্রাণিনাং পাবনং পাবনানাং 1 মহোকৈঃ পদানাং নিয়ন্ত্রমেকং পরেষাং পরং রক্ষণং রক্ষণানাং 11 বয়ন্ত্রাং স্মরামোবয়ন্তান্তজামো-বয়ন্ত্ৰাং জগৎসাক্ষিৰপং নমামঃ ৷ मरएकं निधानश नितालम्भी गर ভবাস্তোধিপোতং শরণ্যং ব্রজামঃ !!

व्यार्थना ।

অসতোমা সদাম্য তমসোমা জ্যোতি-গম্য মৃত্যোশ্মা২মৃতং গম্য ৷ আবিরাবী-শ্মএধি ৷ রুদ্র যত্তে দক্ষিণং মুখং তেন মাং পাহি নিত্যং ৷

ওঁ একমেবাদিতীয়ং।

গাযত্রী

ওঁভূর্ত্বংস্বঃ তৎসবিতৃর্বরেণ্যৎ ভর্গোদেবস্য ধীমহি ধিযোযোনঃ প্রচোদযাৎ।

'ওঁ'ইতি সৃষ্টিছিতি প্রলমকর্ত্রা 'তৎসবিতুঃ' তদ্য সবিতুঃ জগৎপ্রসবিতুঃ প্রেরকদ্য দর্মকামানাৎ অস্তর্নামিনোবিজ্ঞানানন্দরভাবদ্য ব্রহ্মণঃ 'দেবদ্য' দ্যোত-নাজ্মকদ্য প্রমেশ্রদ্য 'বরেণ্যং' বর্ণায়ং 'ভর্মঃ' ভর্মং তেজঃ জ্ঞানং শক্তিঞ্চ 'ধীমহি' ধ্যাথেম ব্যং। 'বিষঃ' বুদ্ধিবৃত্তীঃ 'ষঃ' দবিতা 'নঃ' অস্মাকং 'প্রচোদ্যাং' প্রের্যতি দংকর্মনুষ্ঠানায়। কীদৃশোভর্গঃ 'ভূর্ত্রায়ং' ভূর্বায়রাদিসর্বলোকপ্রকাশকঃ॥ পাঠ্যশ্রুতিঃ

७ँ बन्नवामिटनावमिछ । यट्टा-বাইমানিভূতানি জাষতে। যেন कार्जान कीर्वाख। यथ श्रयंखा-ভিসংবিশন্তি। তদিজিজাসম্ব **जिल्ला वानकाटकाउव थिल्मानि** ভূতানি জাষত্তে। আনন্দেন कार्जान कीर्वाख । जानमर প্রযান্ত্র প্রাভিদংবিশন্তি ৷ যতোবা-क्रानिर्वर्वरछ। जर्थाना मनेना मह। जानमः बर्माताविषान्। ন বিভেতি কৃত *চন। রিসোবৈ मः। तमः एशवायः नक्रानेनी-

भाकाखाँ जि

ভবভি। কোহ্যেবান্যাৎ কঃ প্রা-ণ্যাৎ। যদেষ্ত্রাকাশত্রানন্দোন স্যাৎ। এষহ্যেবার্নন্দ্র্যাতি। যদ। হোটবষএতিশ্মিন্নদশ্যেখনাত্ম্যেখনি-क्राकुश्रीनगर्नश्च्यः প্राविश्वार বিন্দতে। অথ সোহভয়ং গতোভ বতি। যতোবাচোনিবর্তুন্তে। অ-थीला मनमा महा जानकः बर्मा ণোবিদান্। ন বিভেতি কদীচন। ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ হরিঃ 🖔।

ইডি নংক্ষেপ্রক্ষোপানাপ্রকারণ

[্]ওঁযএকোছবর্ণোবছার। শক্তিযোগাখ এবছি নেকান নিহিভার্থোদ্ধাতি। বিটৈতি চাঙে বিস্থানৌ সংগ্রু মনোবুজ্যা শুভ্যা সংযুদক**্**।

_{৸/৽} প্রাতঃম্মর্ত্তব্যং

लारक्य रेठजनामग्धिरम्य मक्ना वित्या छवमाळ्डरेयव । हिजाय त्नाकमा छव व्यिगार्थः मःमात्रगाजामनूवर्खियत्या ।

অশুদ্ধশোধন

শুস্থ	অশুদ্ধ	পংক্তি	शृष्ठा
उ रिम	७ टेग	2	હ
পঞ্চমঃ	মঞ্চমঃ	> 0	>0
অন্মালোকাৎ	মসালেঁ াকা ৎ	৬ জ	78
স্রোতাংসি	শ্রোতাংসি	৬	२१
ধৰ্মগ্ৰহ	ধৰ্ম্মত্ৰব	2	200

उं उৎসৎ

বাক্ষধর্ম

তক্তবোধিনী মুদ্যাযন্ত্ৰে মুদ্যুত ১ আধিন ১৭৭২ শক

প্রথমখণ্ড

প্রথম অধ্যায

ব্রহ্মবাদিরা বলেন 1

যাঁহা হইতে এই জীব সকল উৎপন্ন হয়, উৎপন্ন হইয়া যাঁহার দারা জীবিত রহে, এবং অন্তকালে যাঁহাকে প্রাপ্ত হয় ও যাঁহাতে প্রবেশ করিয়া স্থিতি করে, তাঁ-হাকে জানিতে ইচ্ছা কর, তিনি ব্রহ্ম।

আনন্দ স্বৰূপ পরব্রন্ধ হইতে এই জীব সকল উৎপন্ন হয়, উৎপন্ন হইয়া আনন্দ স্বৰূপ ব্রন্ধ কর্তৃক জীবিত রহে, এবং অন্ত-কালে আনন্দ স্বৰূপ ব্রন্ধকে প্রাপ্ত হয় এবং তাঁহাতে প্রবেশ করিয়া স্থিতি করে। মনের সহিত বাক্য ঘাঁহাকে না পাইয়া ঘাঁহা হইতে নিরুত্ত হয়, সেই পরত্রক্ষের আনন্দ স্বৰূপকে ঘিনি জানিয়াছেন, তিনি আর কাহা হইতেও ভয় প্রাপ্ত হয়েন না 1

সেই পরমাত্মারস স্বৰূপ তৃপ্তিহেতু। সেই রস স্বৰূপ পরব্রত্মকে লাভ করিয়া জীব আনন্দিত হয়েন।

কে বা শরীরচেষ্টা করিত, কে বা জী-বিত থাকিত, যদি এই আকাশে আনন্দ স্ব-ৰূপ প্রমাত্মানা থাকিতেন ৷ ইনি লোক সকলকে আনন্দ বিতর্গ করেন ৷

যৎকালে সাধক এই ইন্দ্রিয়াতীত, নি-রবয়ব, অনির্বাচনীয়, নিরাধার, পরত্রন্ধে নির্ভয়ে স্থিতি করেন, তথন তিনি অভয় প্রাপ্ত হয়েন।

মনের সহিত বাক্য যাঁহাকে না পাইয়া যাঁহা হইতে নির্ত্ত হয়, সেই পরত্রক্ষের আনন্দ স্বৰপকে যিনি জানিয়াছেন
তিনি আর কদাপি ভয় প্রাপ্ত হয়েন না ।
ইনি এই জীবের পরম গতি, ইনি এই

জীবের প্রম সম্পদ্, ইনি ইহার প্রম লোক, ইনি ইহার প্রম আনন্দ। সেই পূর্ণানন্দ স্বরপের কলামাত্র আনন্দ কে অন্য অন্য সমুদায় জীব উপভোগ করে।

দ্বিতীয় অধ্যায়

এই জগৎ পূর্বে কিছুই ছিল না ৷ এই জগৎ উৎপত্তি হইবার পূর্বে, হে প্রিয় শিষ্য ! কেবল একমাত্র অদিতীয় সৎস্বৰূপ পরব্রহ্মাই ছিলেন ৷ তিনি জন্মবিহীন,মহা-নাস্মা; তিনি অজর,অমর,নিত্য ও অভয় ৷

তিনি বিশ্ব স্জনের বিষয় আলোচনা করিলেন, আলোচনা করিয়া তিনি এই সমু-দায় যাহা কিছু সৃষ্টি করিলেন।

এই পুরুষ হইতে প্রাণ, মন ও সমুদায় ইক্রিয় এবং আকাশ বায়ু, জ্যোতি, জল, ও ভূমগুলস্থ সমস্ত বস্তুর আধার এই পৃথিবী উৎপন্ন হয়।

ইঁহার ভয়ে অগ্নি প্রজ্বলিত হইতেছে, ইঁহার ভয়ে স্থ্যা উদ্ভাপ দিতেছে, ইঁহার ভয়ে মেঘ্ বারিবর্ষণ করিতেছে, বায়ু সঞ্চা-লিত হইতেছে এবং মৃত্যু সঞ্চরণ করি-তেছে।

তৃতীয় অধ্যায়

পরব্রকার বিশেষ জ্ঞান লাভার্থে আচার্য্য সন্ধিবনে শিষ্য গমন করিবেন ৷ সেই
জ্ঞানাপন্ন আচার্য্য উপস্থিত শিষ্যকে সম্যক্
শাস্ত শমান্থিত চিপ্ত দেখিয়া যে বিদ্যা দ্বারা
অবিনাশা সত্য স্বৰূপ পুরুষকে জ্ঞানাযায়
তাহার উপদেশ করিবেন।

ঋথেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথব্ববেদ, শিক্ষা, ক'প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ, এই সমুদায় অশ্রেষ্ঠ বিদ্যা। যদ্ধার।
অবিনাশী পরত্রকোর জ্ঞান প্রাপ্ত হওয়া
যায়, তাহাই শ্রেষ্ঠ বিদ্যা।

যিনি জ্ঞানেন্দ্রিয়ের অবিষয়, কর্ম্মেন্দ্রি-য়ের অতীত, জন্মরহিত, রূপ রহিত, চক্ষ্ণ শ্রোত্র বিহীনঃ সেই হস্ত পদ শূন্য, জন্ম মৃত্যু বজ্জিত, সর্বব্যাপী, সর্বব্যত, অতি স্থান্ধ স্থাব, হ্রাস রহিত, সর্ব্ব ভূতের

5 413 ·

কারণ স্বৰূপ প্রবন্ধকে বৃদ্ধিমান্ ব্যক্তির। সর্বতোভাবে দৃটি করেন।

হে গার্গি*! ব্রাক্ষণেরা ঘাঁহাকে অভি-বাদন করেন, তিনি এই অবিনাশী ব্রদ্ধ । তিনি স্থূল নহেন, তিনি অগু নহেন, তিনি হুস নহেন, তিনি দীর্ঘ নহেন; তিনি অলো-হিত, অস্নেহ, অছায়, অতম, অবায়ু, অনা-কাশ, অসক্ষ, অরদ, অগন্ধা, অচক্ষ্ণ, অকর্ণ, অবাক্; তিনি মন বিহীন, তেজ বিহীন,

প্রাণ বিহীন, মুখ বিহীন; কাহারও সহিত

তাঁহার উপমাহর না। এই অবিনাশী পরমেশ্বরের শাসনে, হে গার্গি! সূর্য্য চক্র বিধৃত হইয়ান্থিতি

করিতেছে।

এই অবিনাশী প্রমেশ্বের শাসনে হে গার্গি! ছ্যালোক ও ভূলোক বিধৃত হই-য়া স্থিতি করিতেছে।

^{*} গাগী নামক ব্রহ্মজিজাসু এক ব্রী, তাঁহার আ-চার্যা কর্তৃক উপদিন্টা হইতেছেন।

এই অবিনাশী প্রমেশ্বরের শাসনে হে গার্গি! নিমেষ, মুহূর্ত্ত, অহোরাত্র, পক্ষ, মাস, ঋত্ত, সম্থৎসর, সমুদায় বিধৃত হইয়া স্থিতি করিতেছে।

এই অবিনাশী প্রমেশ্বরের শাসনে হে গার্গি! অনেকানেক পূর্ব্ব বাহিনী পশ্চিম বাহিনী নদী শ্বেত পর্ব্বত সকল হইতে নিঃসৃত হইতেছে।

হে গার্নি! যে ব্যক্তি এই অবিনাশী পরমেশ্বরকে না জানিয়া যদিও বছসহস্র বৎসর এই লোকে হোম যাগ তপস্যা করে, তথাপি সে স্থায়ী ফল প্রাপ্ত হয় না l

হে গার্গি! যে ব্যক্তি এই অবিনাশী পরমেশ্রকেনা জানিয়া ইহ লোক হইতে অবস্ত হয়েন, তিনি রূপা পাত্র অতি দীন। আর যিনি এই অবিনাশী পরমেশ্রকে জানিয়া ইহ লোক হইতে অবস্ত হয়েন তিনি ব্রাহ্মণ।

হে গার্গি! এই অবিনাশী পরমেশ্বরকে কেহ দর্শন করে নাই কিন্তু তিনি সকলই দর্শন করেন, কেহ তাঁহাকে শ্রুতি গোচর করে নাই কিন্তু তিনি সকলই প্রবণ করেন, কেহ তাঁহাকে মনন করিতে সমর্থ হয় নাই কিন্তু তিনি সকলকেই মনন করেন, কেহ তাঁহাকে জ্ঞাত হয় নাই কিন্তু তিনি সকলই জানেন ৷ হে গার্গি! আকাশ,এই অবিনাশী পরমেশ্বরেতে ওতপ্রোত ভাবে ব্যাপ্ত রহিয়াছে ৷

ইঁ হার ভয়ে বায়ু প্রবাহিত হইতেছে, ইঁ হার ভয়ে স্থ্যা উদয় হইতেছে, ইঁ হার ভয়ে অগ্নি প্রজ্বাত হইতেছে,মেঘ বারিব-র্যন করিতেছে,এবং মৃত্যু সঞ্চরণ করিতেছে।

এই প্রাণ স্থানপ পরমেশরের অধিষ্ঠান প্রযুক্ত তাঁহা হইতে নিঃস্ত এই সমস্ত ব্রহ্মাণ্ড যথানির্দ্ধিট নিয়মে প্রবর্ত্তিত রহি-য়াছে ৷ তিনি উদ্যত বজুের ন্যায় মহা-ভয়ানক হয়েন ৷ যাঁহারা এই পরমেশ্বরকে জানেন তাঁহারা অমর হয়েন ৷

চতুর্থ অধ্যায়

যিনি শ্রোত্রের শ্রোত্র, মনের মন, বা-ক্যের বাক্য, তিনি প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু হয়েন ৷

তিনি চক্ষুর গম্য নহেন, বাক্যের গম্য নহেন এবং মনেরও গম্য নহেন, আমরা তাঁহার স্থৰপ জানি না এবং সুতরাং ইহাও জানি না যে কি প্রকারে তাঁহার উপদেশ দিতে হয় ৷ তিনি বিদিত কি অবিদিত তাবৎ বস্তু হইতে ভিন্ন হয়েন ৷ যে সকল পূর্ব্ব পূর্ব্ব আচার্য্য আমারদিগকে ব্রহ্মবিষয় ব্যক্ত করিয়া কহিয়াছেন তাঁহারদিগের সন্ধিশনে এই প্রকার শুনিয়াছি ৷

যিনি বাক্যের বচনীয় নহেন, বাক্য যাঁ-হার দারা প্রেরিত হয়, তাঁহাকেই তুমি বৈন্ধা কান, লোকে যে কিছু পরিমিত পদার্থের উপাসনা করে তাহা কখন ব্রহ্ম নহে ৷

ব্রহ্মবিৎ পণ্ডিতেরা কছেন, লোকে মনের দ্বারা ঘাঁহাকে মনন করিতে পারে না, যিনি মনের প্রত্যেক মননকে জানেন,তাঁহা-কেই ব্রহ্ম বলিয়া জান, লোকে যে কিছু পরিমিত পদার্থের উপাসনা করে তাহা কখন ব্রহ্ম নহে।

যদি এমন মনে কর, যে আমি ব্রহ্মকে সুন্দর ৰূপে জানিয়াছি, তবে নিশ্চয় তুমি ব্রহ্মের স্বৰূপ অতি অপ্পই জানিয়াছ 1

আমি ব্রহ্মকে সুন্দর ৰূপে জানিয়াছি এমত মনে করি না। আমি ব্রহ্মকে যে না জানি এমনও নহে। "আমি ব্রহ্মকে যে না জানি এমনও নহে, জানি যে এমনও নহে, জানি যে এমনও নহে?" এই বাক্যের মর্ম্ম যিনি আমারদিগের মধ্যে বুঝিয়াছেন, তিনি ব্রহ্মস্বর্কপ জানেন।

যাহার এৰপ নিশ্চয় হয় যে আমি ত্রহ্ম স্থৰপকে জানি নাই তাহারি ত্রন্ধকে জানা হইরাছে; আর যাহার একপ নিশ্চ হয় যে এক স্বরূপ জানিয়াছি তাহার এককে জানা হয় নাই ৷ উত্তম জ্ঞানবান্ ব্যক্তির বিশ্বাস এই, যে আ্মি একা স্বরূপ জানি নাই; যে ব্যক্তি তাদৃশ জ্ঞানবান্নহে,তা-হারি এই বিশ্বাস, যে আমি একা স্বরূপ জা-নিয়াছি ৷

ইহ লোকে পরমেশ্রকে জানিতে পারিলে জন্ম সার্থক হয়, না জানিতে পা-রিলে মহান্ অনর্থের কারণ হয়; অতএব বুদ্ধিমান্ ব্যক্তিরা স্থাবর জঙ্গম সমুদায় বস্ততে একমাত্র পরমেশ্রকে উপলব্ধি করিয়া ইহলোক হইতে অবস্ত হইয়া অমর হয়েন।

পঞ্চম অধ্যায়

এই ব্রহ্মাণ্ডের অন্তর্গত যে কিছু পদার্থ, সমুদরই পরমেশ্বরের ছারা ব্যাপ্য রহি-য়াছে। পাপ কর্ম পরিত্যাগ করিয়া ব্রহ্মা-নন্দ উপভোগ করিবে; কাহারও ধনে লোভ করিবে না।

পরবৃদ্ধ একমাত্র ! তিনি অচল, অথচ
মন হইতেও বেগবান্ হয়েন; চক্ষুরাদি
ইন্দ্রিয় সকল সেই অগ্রগামী পরবৃদ্ধকে
প্রাপ্ত হয়েন নাই ! তিনি স্থির থাকিয়াও ঐ
দ্রুতগামী মন ও ইন্দ্রিয় সকলকে অতিক্রম
করিয়া গমন করেন; তাঁহার অধিষ্ঠানেতে
বায়ু প্রাণিদিগের দেহ চেম্টা সকল বিধান
করিতেছে !

তিনি চলেন, তিনি চলেন না; তিনি দূরে আছেন, তিনি নিকটেও আছেন,

তিনি সর্ব বস্তুর অন্তরে আছেন, তিনি এই সর্বব বস্তুর বাহিরেও আছেন।

যিনি পরমাত্মাতেই সকল বস্তুর অবস্থিতি দেখেন এবং সকল বস্তুতেই পরমাত্মার সত্তা উপলব্ধি করেন, তিনি আর কাহা-কেও ঘুণা করেন না।

সেই পরমাত্মা সর্বব্যাপী, নির্মাল, নিরব-য়ব, শিরাও ক্ষত রহিত, পাপশূন্য, পরি শুদ্ধস্থভাব হয়েন ৷ তিনি সর্বাদশী, মনের নিয়ন্তা, তিনি সকলের শ্রেষ্ঠ এবং স্বপ্রকাশ স্বৰূপ হয়েন; তিনি সর্বাকালে প্রজা সকলকে যথোপযুক্ত ফলাফল বিধান করিতেছেন ৷

यष्ठे ज्याम्

একাগ্রচিত্ত হইয়া ব্রহ্মকে জানিতে ইচ্ছাকর। ব্রহ্মজ্ঞানী ব্রহ্মকে প্রাপ্ত হয়েন।

পরমাত্মা সত্যস্থৰূপ, জ্ঞানস্থৰূপ ও অনস্ত স্থৰূপ হয়েন ৷ যিনি তাঁহাকে আপনার শরীরের পরমাকাশে বুদ্ধিস্থ করিয়া
জানেন, তিনি সেই সর্বজ্ঞ পরমেশ্বরের
সহিত সমুদয় কামনা উপভোগ করেন ৷

যিনি সামান্য ৰূপে ও বিশেষ ৰূপে সর্বব বস্তু জানিতেছেন, ভূলোকে ও স্বর্গলোকে যাঁহার এই মহিমা, যিনি অমৃত স্বৰূপ ও আনন্দ স্বৰূপে প্রকাশ পাইতেছেন, বুদ্ধিশ মান্ব্যক্তিরা ভাঁহাকে জ্ঞান দ্বারা সম্পূর্ণ ৰূপে দৃষ্টি করেন।

ব্ৰহ্মবিৎ ব্যক্তিরা মনোৰূপ উজ্জ্বল কোষ মধ্যে সেই নিৰ্ম্মল, নিরবয়ব, জ্যোতির জ্যোতি শুভ্র পরমাত্মাকে উপলব্ধি করেন ৷

সূর্য্য তাঁহাকে প্রকাশ করিতে পারে না এবং চন্দ্র তারাও তাঁহাকে প্রকাশ করিতে পারে না; এই বিছ্যুৎ সকলও তাঁহাকে প্রকাশ করিতে পারেনা, তবে এই অগ্নি তাঁহাকে কি প্রকারে প্রকাশ করিবে । সমস্ত জগৎ সেই দীপ্যমান পরমেশরেরই প্রকাশ দারা অনুপ্রকাশিত হইয়া দীপ্তি পাইতেছে; এই সমুদায় তাঁহার প্রকাশেতই প্রকাশিত হইতেছে।

ইনি সকলের প্রাণ স্বৰূপ, যিনি এই
সর্বভূতে প্রকাশ পাইতেছেন; জ্ঞানী
ব্যক্তি ইঁহাকে জানিলে আর ইঁহাকে
অতিক্রম করিয়া কোন কথা কহেন না; ইনি
পরমাত্মাতে ক্রীড়া করেন, ইনি পরমাত্মাতে রমণ করেন,এবং সৎকর্মশীল হয়েন ৷
ইনিই ব্রক্ষোপাসকদিগের মধ্যে সর্বশ্রেষ্ঠ ৷

তিনি মহৎ প্রকাশবান্ও অচিন্তা স্বৰ-প এবং স্কুন হইতেও স্কুন হয়েন ৷ তিনি দূর ছইতেও বহু দূরে আছেন এবং এই নিকটেও তিনি বর্ত্তমান আছেন : তিনি এখানেই যাবৎ সচেতন জীবদিগের বুদ্ধিতে স্থিতি করেন ৷

তিনি চক্ষুর প্রান্থ নহেন, বাক্যেরও প্রান্থ নহেন, এবং অপরাপর ইন্দ্রিরেও প্রান্থ নহেন, তপস্যা বা যজ্ঞাদি কর্মা দারা তাঁহাকে প্রাপ্ত হওয়া যায়না, জ্ঞান শুদ্ধি দারা যাঁহার অন্তঃকরণ বিশুদ্ধ হয়, তিনিই ধ্যানযুক্ত হইয়া নিরবয়ব পরব্রহ্মকে উপলব্ধি করেন।

সপ্তম অধ্যায়

সকল ঈশ্বরের যিনি পরম মহেশ্বর, সকল দেবতার যিনি পরম দেবতা, সকল পতির যিনি পতি, সেই পরাৎপর প্রকাশ-বান্, ও স্তবনীয় ভুবনেশ্বরকে আমরা জ্ঞাত হই।

তাঁহার শরীর নাই ও ইন্দ্রিয় নাই,
এবং কাহাকেও তাঁহার সমান বা কাহাকেও তাঁহা হইতে শ্রেষ্ঠ দেখা যায় না ৷
ই হার বিচিত্র ও মহতী শক্তি সর্বত্র শ্রুত হয় এবং জ্ঞান ক্রিয়াও বলক্রিয়া ই হার বাভাবিকই হয় ৷

জগতে তাঁহার কেহ পতি নাই এবং নিয়ন্তাও নাই এবং তাঁহার কোন অবয়বও নাই ৷ তিনি সকলের কারণ ও মনের অধিপতি; হঁহার কেহ জনক নাই ও অধি-পতিও নাই ৷

এই পরমেশ্বর বিশ্বকর্মা ও মহাত্মা

হরেন ৷ ইনি সকল লোকের জ্বদয়ে সর্বদা সম্যক্ রূপে স্থিতি করিতেছেন ৷ ইনি মনোগত সংশয় রহিত বুদ্ধি দ্বারা দৃষ্ট হই-লে প্রকাশিত হয়েন ; যাঁহারা এই পরমে-শ্বকে জানেন, তাঁহারা অমর হয়েন ৷

তিনি ছজে য়, তিনি সমস্ত বস্তুতে নিগৃঢ় ৰূপে প্ৰবিষ্ট আছেন, তিনি বুদ্ধি মধ্যে ও অতি সঙ্কট স্থানে স্থিতি করেন, এবং নিতা হয়েন; বুদ্ধিমান্ ব্যক্তি অধ্যাত্ম যোগ দ্বারা সেই পরম দেবতাকে জানিয়া হর্ষ শোক হইতে মুক্ত হয়েন।

তাঁহারা নিশ্চিত ৰূপে এই পুরাতন সর্বান্তোষ্ঠ পরব্রহ্মকে জানেন, যাঁহারা ইহাঁ-কে প্রাণের প্রাণ, চক্ষুর চক্ষু, শ্রোতের শ্রোত এবং মনের মন বলিয়া জানেন।

পরমেশ্বরকে একই জানিবেক, ইনি উপমা রহিত এবং নিত্য ৷ এই নির্মাল জন্ম বিহীন পরমাত্মা আকাশের অতীত, সর্বাপেক্ষা মহৎ, এবং অবিনাশী ৷

যাঁহার নিয়মে অহোরাত দ্বারা সম্থ-

সর পরিবর্ত্ত হইয়া আসিতেছে, সেই জ্যোতির জ্যোতি, অমৃত, এবং সকলের আযুর
কারণ পরব্রহ্মকে দেবতারা নিয়ত উপাসনা
করেন ৷

সকলই তাঁহার বশে রহিয়াছে, তিনি সকলের নিয়ন্তা এবং সকলের অধিপতি ৷ সাধু কর্মো তাঁহার রূদ্ধি হয় না এবং অসাধু কর্মোও তাঁহার হ্রাস হয় না ৷

ইনি সকলের ঈশর, ইনি সমস্ত বস্তর অধিপতি, ইনি সর্বভূতের প্রতিপালক, ইনি লোক ভঙ্গ নিবারণার্থে সেতু স্বরূপ হইরা সমুদায়ধারণ করিতেছেন।

ই হাতে ছ্যালোক পৃথিবী অন্তরীক্ষ এবং
মন ও ইন্দ্রির সমুদার আগ্রিত হইরা রহিরাছে ৷ সেই অদ্বিতীয় পরমাত্মাকে জান
এবং অন্য বাক্য সকল পরিত্যাগ কর;
ইনি অমৃত লাভের সেতু স্বৰূপ হইরাছেন ৷

এই পরমাত্মার জন্ম নাই, মৃত্যু নাই, ইনি সর্বজ্ঞ। ইনি কোন কারণ হইতে উৎপত্তি হয়েন নাই এবং আপনিও অন্য কোন বস্তু হয়েন নাই।

যিনি জ্যোতির্ময়, যিনি অণু হইতেও
সুক্ষতর এবং যাঁহাতে লোক সকল ও লোকনিবাসী জীব সকল স্থাপিত রহিয়াছে,
তিনি এই সত্য, তিনি অমৃত, তিনি চিন্ত দারা
বেধনীয় হয়েন। অতএব হে প্রিয় শিষ্য!
তোমার চিন্ত দারা তাঁহাকে বিদ্ধা কর।

প্রণব ধনু স্বৰূপ, জীবাত্মা শর স্বৰূপ, এবং পরব্রহ্ম লক্ষ্য স্বৰূপ;প্রমাদ শূন্য হইয়া সেই প্রণব ধনুর অবলয়নেতে জীবাত্মা ৰূপ শর দারা ব্রহ্মৰূপ লক্ষ্যকে বিদ্ধ করিবেক। আর যেমন শর লক্ষ্যকে বিদ্ধ করিয়া তাহার মধ্যে প্রবেশ হইয়া তাহার দ্বারা সম্পূর্ণ ৰূপে আর্ত হয়, তক্রপ জীবাত্মা ব্রহ্মকে বিদ্ধ করিয়া তাহার মধ্যে প্রবেশ হইয়া তাহার দ্বারা সম্পূর্ণ ৰূপে আর্ত হইবা তাহার দ্বারা সম্পূর্ণ ৰূপে আর্ত হইবা তাহার দ্বারা সম্পূর্ণ ৰূপে আর্ত হইবা তাহার দ্বারা সম্পূর্ণ ৰূপে আর্ত হইবা

কস্করশূন্য, তপ্ত বালুকা বজ্জিত, সমান ও শুচি দেশে; উত্তম জল, উত্তম শব্দ ও আগ্রয়াদি দ্বারা মনোরম স্থানে, প্রতিবা-দীর অনভিমুখে; ও সুমনদ বায়ু সেবিত বিরল স্থানে স্থিতি করিয়া পরব্রন্ধে চিত্ত সমাধান করিবেক।

বক্ষং গ্রীবাও শিরোদেশ উন্নত দ্বারা সমভাবে শরীর স্থাপন করিয়া মনের সহি-ত চক্ষুরাদি ইন্দ্রিয় সমুদায়কে হৃদয়ে সন্নি-বেশ পূর্বক সংগারান্বের ভয়াবহ স্রোত সকলকে ব্রহ্মস্বরূপ ভেলকের দ্বারা উত্তীর্ণ হইবেক।

অফ্রম অধ্যায়।

সর্বতেই তাঁহার চক্ষ্, সর্বতেই তাঁহার
মুখ, সর্বতেই তাঁহার বাহু, সর্বতেই তাঁহার
পদ বিদ্যমান রহিয়াছে। তিনি মনুষ্যদেহে
বাহু সংযোগ করেন ও পক্ষি শরীরে পক্ষ
সংযোগ করেন, অদ্বিতীয় পরমেশ্বর ত্যুলোক ও ভূলোক সৃষ্টি করিয়াছেন।

যত লোক আছে সর্বাত তাঁহার হস্ত পদ, সর্বাত তাঁহার মুখ চক্ষু মস্তক এবং সর্বাত তাঁহার শ্রোত বিদ্যুমান রহিয়াছে। তিনি সমস্ত সংসারকে ব্যাপিয়া স্থিতি করি-তেছেন।

এই নানা শিরে মুখ গ্রীব বিশিষ্ট পর-মেশ্বর সর্ব্ব জীবের বুদ্ধিতে অবস্থিত আছে-ন, সেই ঈশ্বর সর্বব্যাপী সুতরাং, সর্ব্বগত এবং তিনি মঙ্গল স্বান্ধপ হৈয়েন।

তাঁহার হস্ত নাই, তথাপি তিনি গ্রহণ

করেন, তাঁহার পদ নাই তথাপি তিনি গমন করেন, তাঁহার চক্ষ্ নাই তথাপি তিনি
দৃষ্টি করেন, এবং তাঁহার কর্ণ নাই তথাপি
তিনি প্রবণ করেন। তিনি যাবৎ বেদ্য বস্ত
সমস্তই জানেন কিন্তু তাঁহার কেহ জ্ঞাতা
নাই; জ্ঞানিরা তাঁহাকে সকলের আদি
ও পূর্ণ ও মহান্ করিয়াবলিয়াছেন।

যথন তাবৎ প্রাণি নিদ্রাতে অভিভূত থাকে তথন যিনি জাগ্রত থাকিয়া সকলের প্রয়োজনীয় নানা অর্থ নির্ম্মাণ করিতে থা-কেন, তিনিই পরিশুদ্ধ তিনি ব্রহ্ম তিনিই অমৃত রূপে উক্ত হয়েন; তাহাতেই লোক সকল আগ্রিত হইয়া রহিয়াছে,কেহ তাঁহা-কে অতিক্রম করিতে পারে না 1

পরমাত্রা স্থানতম বস্তু হইতেও স্থান,
এবং মহন্তম বস্তু হইতেও মহৎ ৷ তিনি প্রাণি
গণের ক্রদয়ে বাস করেন ৷ বিগত শোক
ব্যক্তি সেই ভোগাভিলাষ বর্ত্তি সারেক
ও তাহার মহিমাকে তাহারই প্রসাদে দৃটি
করেন ৷

যিনি এক মাত্র, সকলের নিয়ন্তা, এবং
সর্বভূতের অন্তরাত্মা এবং যিনি এক ৰূপকে
বছ প্রকার করেন, তাঁহাকে যে সকল জ্ঞানিরা স্বীয় আত্মাতে সাক্ষাৎ দৃষ্টি করেন,
তাঁহারদিগেরই নিত্য সুখ হয়, অপর ব্যক্রিদিগের তাহা কদাপি হয় না 1

থিনি তাবৎ অনিত্য বস্তুর মধ্যে কেবল
এক মাত্র নিত্য ও তাবৎ সচেতনের কেবল
এক মাত্র চেতন কর্ত্তা, একাকী যিনি সকলের কামনা পূর্ন করিতেছেন, ভাঁছাকে যে
সকল জ্ঞানিরা স্বায় আত্মাতে সাক্ষাৎ দৃষ্টি
করেন ভাঁছারদিগেরই নিত্য শান্তি হয়, অপর ব্যক্তিদিগের তাহা কদাপি হয় না।

যে সময়ে এখানে সমুদায় হৃদয় গ্রন্থি নফ হয় তথনই জীব অমর হয়েন; এতাব-স্থাত্র উপদেশ জানিবে ৷

নবম অধ্যায়।

ছুই সুন্দর পক্ষযুক্ত পক্ষী এক বৃক্ষ অবলয়ন করিয়া রহিয়াছেনু, তাঁহারা সর্বদ। একত্র থাকেন এবং উভয় পরস্পরের স্থা; তন্মধ্যে একটি সুখেতে ফল ভোজন ক-রেন, অন্য নিরশন থাকিয়া কেবল দর্শন করেন।

জীব শরীর মধ্যে নিমগ্ন রহিয়া এবং দীন ভাবে মৃহ্যমান হইয়া সর্ব্বদাই শোক করিতে থাকে, কিন্তু যখন সর্ব্বসেব্য সংসা-রাতীত ঈশ্বর ও তাঁহার মহিমাকে দেখিতে পায় তখন তাহার আর শোক থাকে না।

• যৎকালে জ্ঞানাপন্ন সাধক স্বপ্রকাশক বিশ্বের কর্তা ও নিয়ন্তা এবং কারণ স্বরূপ পূর্ব ক্লকে দৃষ্টি করেন, তখন তিনি পাপ পুণ্য পরিত্যাগ পূর্বকে নির্লিপ্ত হইয়া প-বম সাম্য প্রাপ্ত হয়েন। বুদ্ধিমান্ব্যক্তি মহান্ও সর্বব্যাপী পরমাত্মাকে জানিয়া আর শোক করেন না।

যিনি সেই ছায়া রহিত শরীর রহিত লোহিতাদি গুণ রহিত পরিশুদ্ধ অবিনাশী পরমাত্মাকে জানেন তিনি সেই ক্ষয় শূন্য প্রব্রহ্মকে প্রাপ্ত হয়েন।

পরমেশ্বর চক্ষ্র অগোচর, কর্মোন্ত্রিরের অগ্রাহ্য এবং অব্যবহার্য্য হয়েন 1
তিনি কোন লক্ষণ দ্বারা গম্য নহেন, কোন
শব্দ দ্বারা ব্যপদেশ্য নহেন, তিনি অচিন্ত্য 1
এক আত্ম প্রত্যয়ই তাঁহার অন্তিত্বের প্রতি প্রমাণ হইয়াছে। তিনি সমুদায় সংসার
ধর্মের অতীত; তিনি শান্ত, মঙ্গলস্বরূপ এবং
অদ্বিতীয় 1

সর্বাপেক্ষা অন্তরতর যে এই পরমাত্মা, ইনি পুত্র হইতে প্রিয়, বিত্ত হইতে প্রিয়, আর আর তাবৎ বস্তু হইতে প্রিয়।

যে ব্যক্তি প্রমাত্মা অপেকা অন্যকে প্রিয় করিয়া বলে,তাহাকে যে ব্রক্ষোপাসক বলেন, যে তোমার যে প্রিয়, সে বিনাশ পাইবে, তাঁহার এপ্রকার বলিবার অধি-কার আছে; বাস্তবিকও তিনি যাহা বলেন তাহাই হয়।

পরমাত্মাকেই প্রিয় রূপে উপাসনা করিবেক। যিনি পরমাত্মাকে প্রিয়রূপে উপাসনা করেন, তাঁহার প্রিয় কখনও মরণ শীল হয় না।

পরমাত্মার দর্শন, প্রব্য মনন ও নিদি-ধ্যাসন করিবেক।

সেই এই যে পরমাত্মা, ইনি সকল ভূ-তের অধিপতি এবং সর্ব্বভূতের রাজা।

যেমন রথচক্রের নাভিদেশে ও নেমি-দেশে অর সমুদয় সমর্পিত থাকে, সেইৰূপ এই পরমাত্মাতে সকল ভূত ও সকল দেবতা, সকল লোক, সকল প্রাণ, এই সমুদায় জীব সমর্পিত হইয়া রহিয়াছে।

আমি নমকার পূর্বাক তোমারদিণের স্জন কর্ত্তা চিরন্তন পরত্রকোর সমাধি করি ৷ হে অনাদিমৎ পরমাত্মন তুমি সর্বাত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছ, তোমা হই তে এই সমুদায় ভুবন উৎপন্ন হইয়াছে।

এখানে থাকিয়াই আমরা তাঁহাকে জানিয়াছি; যদি আমরা তাঁহাকে না জানিতে পারিতাম তবে মহা বিনাশ প্রাপ্ত হইতাম। যাঁহারা এই পরব্রহ্মকে জানেন তাঁহারা অমর হয়েন, তদ্ভিন্ন আর সকলেই ছঃখ পায়।

যিনি কারতোর কারণ তিনি ৰূপ হীন ও নিরাময়। যাঁহারা এই পরব্রহ্মকে জা-নেন তাঁহারা অমর হয়েন, তদ্ভিন্ন আর সকলেই ছুঃখ পায়।

যিনি বিশ্বকার্য্যের কারণ মহান্পরব্রহ্ম
এবং যিনি সর্ব্বভূতের শরীরে গৃঢ় কপে
স্থিতি করিতেছেন আর যিনি একাকী বিশ্ব
সংসারকে পরিবেফন করিয়া রহিয়াছেন,
সেই ঈশ্বরকে জানিলে লোক সকল অমর
হয়।

তাঁহার দ্বারা সকল ইন্দ্রিয়ের গুণ প্রকাশ পায় কিন্তু তিনি স্বয়ং সকল ইন্দ্রিয় বিবর্জিত ৷ তিনি সকলের প্রভ, সকলের ঈশ্ব, সকলের আশ্রয় ও সকলের সুহৃৎ।
এই মহান্পুরুষ সকলের প্রভূ। এই
পরিশুদ্ধ জ্ঞান স্বৰূপ অবিনাশী ঈশ্বর
সুনির্মাল শান্তির উদ্দেশে ধর্ম্মের প্রবর্তক
হয়েন।

দশ্ম অধ্যায় ৷

থিনি ওঙ্কারের প্রতিপাদ্য তিনি ব্রহ্ম। সকল দেবতারা ইঁহার পূজা আহরণ ক-রিতেছেন।

জগতের মধ্যস্থিত পূজনীয় পরমান্সা-কে সমুদায় দেবতারা নিয়ত উপাসনা ক্রি-তেছেন 1

ওক্ষার প্রতিপাদ্য পরব্রহ্মকে ধ্যান কর এবং নির্বিদ্ধে তোমরা অজ্ঞান তিমির হইতে উত্তীর্ণ হও ৷ জ্ঞানী ব্যক্তি ওক্ষার সাধনা দারা সেই শান্ত, অজ্ঞর, অমর, অ-ভয় নিরতিশয় ব্রহ্ম প্রাপ্ত হয়েন ৷

সেই জগৎ প্রসবিতা প্রম দেবতার বরণীয় জ্ঞান ও শক্তি ধ্যান করি, যিনি আ-মারদিগকে বুদ্ধি বৃত্তি সকল প্রেরণ করি-তেছেন।

ব্রহ্ম আমাকে পরিত্যাগ করেন নাই

আমি যেন তাঁহাকে পরিত্যাগ না করি। তিনি আমাকর্ত্ক সর্বাদা অপরিত্যক্ত থা-কুন।

তোমারদের মৃত্যু পীড়া না হউক,এপ্র-যুক্ত সেই বেদ্য পুরুষকে জান।

যে প্রকাশবান্ পুরুষ অগ্নিতে, যিনি জলেতে, যিনি বিশ্ব সংসারে প্রবিষ্ট ইইয়া আছেন ; যিনি ওষধিতে যিনি বনস্পতিতে স্থিতি করিতেছেন; সেই দেবতাকে বার বার নমস্কার করি।

একাদশ অধ্যায়।

যাঁহাতে শব্দ নাই, স্পর্শ নাই, ৰূপ নাই, রদ নাই, গন্ধ নাই; যাঁহার কোন ক্ষয় নাই; যিনি অনাদি, অনন্ত, ও সকল প্রকার মহৎ পদার্থ হইতে মহৎ এবং নিত্য ও নির্বিকার; তাঁহাকে জানিয়া জীব মৃত্যু মৃথ হঃ ইতে প্রমুক্ত হয়।

এই পরনাত্ম। সর্বভূতেতে প্রচ্ছন রহিয়াছেন, এ প্রযুক্ত তিনি প্রকাশ পায়েন
না ৷ সূক্ষদশা পণ্ডিতেরা একনিষ্ঠ সূক্ষম
বুদ্ধি দারা তাঁহাকে দৃষ্টি করেন ৷

অনেক উত্তন বচন দারা, বা মেধা দারা অথবা বছশ্রবণ দার। তাঁহাকে জানা যায় না; যে সাধক তাঁহাকে প্রার্থনা করে, সেই ভাঁহাকে পায়; পরমান্ধা এরপ সাধকের সনিধানে আয়েম্বরূপ প্রকাশ করেন।

হে জীব সকল! উত্থান কর,অজ্ঞান নিদ্রা হইতে জাগ্রত হও,এবং উৎকুট আচার্য্যের নিকট যাইয়া জ্ঞান লাভ কর। পণ্ডিতের। জ্ঞান পথকে শানিত ক্রধারের ন্যায় ছুর্গম করিয়া বলিয়াছেন।

সেই যে এই ব্রহ্ম, ইহার আর কোন পূর্বে কারণ নাই, ইনি অমৃত ও অভয় ৷ শান্তচিত্ত হইয়া ইহার উপাসনা করি-বেক।

वानग अधाय।

অদিতীয় পরমাত্মা রক্ষের ন্যায় স্তব্ধ রহিয়া আপনার স্বপ্রকাশ মহিমাতে স্থিতি করিতেছেন ৷ সেই পূর্ণস্বরূপ পরব্রহ্ম দ্বা এই সমস্ত জগৎ পূর্ণ রহিয়াছে ৷

হে প্রিয়! যেনন পক্ষি সকল তাহার-দিগের বাস স্থান রুক্ষেতে স্থিতি করে, ত-জ্রপ সমুদায় পদার্থ পরনাত্মাতে স্থিতি করিতেছে !

এক যে পরনেশ্বর, তিনি সর্বভূতেতে প্রাক্তন ভাবে স্থিতি করিতেছেন, তিনি সর্বা-ব্যাপা ও সকলের অন্তর্যানী। তিনি তাবৎ কার্য্যের অধ্যক্ষ, তিনি সর্বা ভূতের আশ্রেয়, তিনি সকলের সাক্ষী, জ্ঞান স্বৰ-প, ও সঙ্গ রহিত এবং সৃষ্ট পদার্থে যে সমস্ত গুণ আছে, তাহার কিছুই তাঁহাতে নাই। সূর্য্য যেমন উর্দ্ধৃ, অধ, তির্য্যক্, সমুদায় দিক্ প্রকাশ করিয়া প্রকাশ পায়েন, অদি-তীয় পর্যাবান্ বিশ্ব প্রকাশক জগৎ কারণ বরণীয় পরমেশ্বর সেই ৰূপ প্রকাশ পাই-তেছেন। একাকী তিনি সর্বভূতে তাহা-রদিগের স্বীয় ভাব সকল নিয়োজন করিতেছেন।

কি ঊদ্ধুদেশে, কি ভিষ্যক্ কি মধ্যদেশে, কোথাও ভাঁহাকে কেহ গ্রহণ করিতে পারে নাই। ভাঁহার প্রতিমা নাই, ভাঁহার নাম মহদ্যশ।

তাঁহার স্বৰূপ চক্ষুর গোচর নহে, সুতরাং কেহ তাঁহাকে চক্ষুর দারা দেখিতে
পায়না। তিনি মনোগত সংশয় রহিত
বুদ্ধি দারা দৃষ্ট হইলে প্রকাশিত হয়েন;
যাঁহারা ইঁহাকে এই প্রকারে জানেন, তাঁহারা অমর হয়েন।

শুনিবার উপায় অভাবে অনেকে যে পরব্রহ্মকে প্রাপ্ত হয় না, অনেকে শ্রবণ ক-রিয়াও যাঁহাকে জানিতে পারে না, তাঁহার জ্ঞান উপদেশ করিতে পারে এমত বক্তা অতি ছল্ল ভ, ও অত্যন্ত নিপুণ যে ব্যক্তি সেই তাঁহাকে লাভ করিতে পারে । নিপুণ ৰূপে অনুশিষ্ট হইয়াছে, এমত জ্ঞাতাও ছল্লভ।

অপ্প বৃদ্ধি লোক সকল বহির্বিষয়েতেই
আসক্ত হইয়া মৃত্যুর বিস্তীর্ন পাশে বদ্ধ
হয় ; এই হেতু ধীর ব্যক্তি সকল নিত্য অমৃতত্বকে জানিয়া সংসারের তাবৎ অনিত্য
পদার্থের মধ্যে কিছুই প্রার্থনা করেন না।

যাহার দারা আমি অমর না হই, তাহাতে আমি কি করিব । হে জ্যোতির্মার !
অসৎ কর্মা হইতে আমাকে সং কর্মে লইরা যাও, অক্ষকার হইতে আমাকে জ্যোতিতে লইয়া যাও এবং মৃত্যু হইতে আমাকে অমৃততে লইয়া যাও ; আমার নিকট
প্রকাশিত হও, হে রুদ্র ! তোমার যে প্রসম্ম মুখ তাহার দ্বারা আমাকে সর্বাদা
রক্ষা কর ।

. ब्रामिश व्याप

সত্যেরই জয় হয়, মিথ্যার জয় হয়
না৷ সত্য কথন ছারা, মনের একাএতা
ছারা, সম্যক্ জ্ঞান ছারা এই প্রমাত্মাকে
প্রাপ্ত হওয়া যায়৷ ঋষি সঁকল এই সমস্ত
অনুষ্ঠান ছারা তৃপ্ত চিত্ত হইয়া সত্যের
প্রম আশ্রম স্বরূপ প্রব্রন্ধকে প্রাপ্ত হয়েন।

প্রকাশবান্, নিরবয়ব, পূর্ণ স্বরূপ, সক-লের বাহিরেও আছেন এবং সকলের অন্ত-রেও আছেন এবং জন্ম রহিত, তাঁহার প্রাণও নাই এবং মনও নাই; যত্নশীল নিষ্পাপ জ্ঞানি সকল যাঁহাকে দৃষ্টি করেন।

যিনি দেবতাদিগের অধিপতি, খাঁহা-তে লোক সকল আগ্রিত হইয়া রহিয়াছে, যিনি এই দ্বিপদ ও চতুষ্পদ তাবৎ জন্তুদি-গকে শাসনে রাখেন, তিনি এই জন্মরহিত মহান্ আত্মা

এই পরমাত্মাকে কেহ দর্শন করে নাই, কিন্তু তিনি সকলই দর্শন করেন ; কেহ জাঁহাকে শ্রুতি গোচর করে নাই, কিন্তু
তিনি সকলই শ্রবণ করেন; কেহ তাঁহাকে
মনন করিতে সমর্থ হয় নাই, কিন্তু তিনি
সকলই মনন করেন; কেহ তাঁহাকে জ্ঞাত
হয় নাই, কিন্তু তিনি সকলই জানেন।

ইহা নহে, ইহা নহে, এই প্রকার সেই এই প্রমান্থার নির্দেশ; তিনি ইন্দ্রিয় ও মনের গ্রাহ্থ নহেন, সুতরাং কেহ তাঁহাকে গ্রহণ করিতে পারে না।

সেই এই পরমাত্মা সকলের নিয়ন্তাও
সকলের অধিপতি ; তিনি এই জগতে যে
কিছু পদার্থ আছে, সমুদায়েরই শাসন
করেন।

শরীরের পরম উৎকৃষ্ট স্থানে বুদ্ধিমধ্যে ছুই জন প্রবিষ্ট হইয়া রহিয়াছেন; তন্ম-থ্যে এক জন স্বৃহত কর্ম ফল ভোগ করেন, আর এক জন সেই ফল প্রদান করেন। ব্রন্ধ-বিৎ ব্যক্তি সকল ভাঁহারদিগকে ছায়া ও আতপের ন্যায় পরস্পর ভিন্ন করিয়া বলেন, আর পঞ্চাগ্নি ও ত্রিণাচিকেত কর্মিরাও এই প্রকার কহিয়া থাকেন।

চতুর্দশ অধ্যায

থিনি মহান্ তিনি সুখস্বৰূপ, ক্ষুপ্ৰণ-দাৰ্থে সুথ নাই। মহান্পদাৰ্থই সুখস্ব-ৰূপ, অতএব তাঁহাকেই জানিতে ইচ্ছা ক্রিবেক।

শিষ্য ক্রিজ্ঞাসা করিলেন, হে ভগবন ! তিনি কোথায় প্রতিষ্ঠিত আছেন ! আচার্য্য উন্তর করিলেন, তিনি আপনার মহিমা-তেই প্রতিষ্ঠিত আছেন।

তিনি অধোতে তিনি উর্দ্ধেতে তিনি পশ্চাতে তিনি সম্মুখে তিনি দক্ষিণে তিনি উত্তরে ৷ তিনি ভূত ভবিষ্যতের নিয়ন্তা; তিনি অদ্য আছেন, পরেও থাকিবেন ৷

যিনি এক এবং বর্ণহীন এবং যিনি প্রজাদিগের প্রয়োজন জানিয়া বছ প্রকার
শক্তিযোগে বিবিধ কাম্যবস্ত বিধান করিতেছেন, সমুদায় ব্রহ্মাণ্ড আদ্যন্তমধ্যে
যাঁহাতে ব্যাপ্ত হইয়া রহিয়াছে, তিনি দীপ্রমান প্রমেশ্র ৷ তিনি আমার দিগকে
শুভ বৃদ্ধি প্রদান করুন।

তিনি সংশার কাল এবং সাকার বস্তু
সমুদায় হইতে শ্রেষ্ঠ এবং সুতরাং ভিন্ন,
যাঁহা কর্ত্ত্ব এই প্রপঞ্চ সংসার পরিবর্ত্তিত
হইতেছে ৷ তিনি ধর্মের আকর, পাপের
শাস্তা, ঐশ্বর্য্যের স্বামী; সেই সকলের আঅস্থ্, অমৃত,বিশ্বের আগ্রাহেক—সেই মঙ্গল
স্বৰূপ বিশ্বের এক মাত্র পরিবেফীকে জানিয়া জীব অত্যন্ত শান্তি প্রাপ্ত হয় ৷

তিনি বিশ্বকর্তা, বিশ্ববেত্তা, সকল আআর কারণ এবং প্রজ্ঞাবান্, কালের কর্তা,
গুণবান্ ও সর্বজ্ঞ ৷ তিনি জড় কি জীব
তাবতের প্রতিপালক, সর্বা গুণের মহেশ্বর,
এবং সংসারের স্থিতি বন্ধা ও মোক্ষের
হেতু ৷

তিনি চৈতন্যময়, মরণধর্মরহিত, এবং
সর্বস্থামী রূপে সম্যক্ স্থিতি করিতেছেন;
তিনি প্রজ্ঞাবান্, সর্বত্র গামী এবং এই জগতের প্রতিপালক। যিনি এই জগংকে নিত্য
নিয়মে রাখিয়াছেন, তদ্যতীত বিশ্ব শাসনের আর অন্য হেতু নাই। আমি মুমুকু

হইয়া সেই আত্মবৃদ্ধি প্রকাশক প্রমেশ-রের শরণাপন হই 1

সেই এই ব্রন্ধের নাম সত্য । তিনি নির-বয়ব, নিষ্ক্রিয় ও শান্ত; তিনি অনিন্দনীয়, নির্লিপ্ত ও মুক্তির পরম সেতু; এবং দগ্ধ দারু নিঃসৃত অগ্নির ন্যায় দীপ্যমান ।

তিনি এই লোক ভঙ্গ নিবারণার্থে সেতু
স্বৰূপ হইয়া সমুদায় ধারণ করিতেছেন,
এই সেতু স্বৰূপ পরব্রহ্ম অহোরাত্রের পরিছেদ্য নহেন এবং জরা মৃত্যু শোকও তাঁহাকে অধিকার করিতে পারে না।

যে পরমাত্মা পাপশূন্য এবং অজর অমর অশোক ও ক্ষুৎপিপাসা বর্জিত, এবং সত্যকাম ও সত্য সঙ্কাপ, তাঁহাকে অন্বেষণ করিবে এবং তাঁহাকেই বিশেষ ৰূপে জানিতে ইছো করিবে; যিনি পরমাত্মাকে অন্বেষণ করিয়া জানিতে পারেন, তাঁহার সকল লোক প্রাপ্তি হয় এবং সকল কামনা সিদ্ধ

ত্রন্মের নাম আকাশ; তিনি নাম ৰূপের

নিকাহ কর্ত্তা, এবং সেই নামৰূপ ঘাঁহা হইতে ভিন্ন, তিনি ব্ৰহ্ম, তিনি অমৃত।

্তিনি বাক্য দারা কি মনের দারা কি
চক্ষ্ দারা কাহারও কর্তৃক কদাপি প্রাপ্ত
হয়েন না । যে ব্যক্তি বলে যে তিনি আছেন, তন্তিন্ন অন্য ব্যক্তির দারা তিনি কি
প্রকারে উপলক্ষ হইবেন ।

যিনি যখন প্রকাশবান্ ভূত ভবিষ্যতের নিয়ন্তা প্রমাত্মাকে সাক্ষাৎ দেখেন, তিনি তখন আর আপনাকে তাঁহা হইতেগোপন রাখিতে ইচ্ছা করেন না।

পঞ্দশ অध्याय।

যে ব্যক্তি ছক্ষম হইতে বিরত হয় নাই, ইন্দ্রিয় চাঞ্চল্য হইতে শান্ত হয় নাই, যাহার চিন্ত সমাহিত হয় নাই এবং কর্ম ফল কামনা প্রযুক্ত যাহার মন শান্ত হয় নাই, সে ব্যক্তি কেবল জ্ঞান মাত্র দারা পর-মাল্লাকে প্রাপ্ত হয় না।

শ্রের ও প্রের মনুষ্যকে প্রাপ্ত হয়; তিনি
সম্যক্ বিবেচনা করিয়া এই ছুইকে পৃথক্
করেন ৷ ইহার মথ্যে যিনি শ্রেয়কে গ্রহণ
করেন, তাঁহার মঙ্গল হয়; আর যিনি প্রেয়কে গ্রহণ করেন, তিনি পরমার্থ হইতে ভ্রম্ট
হয়েন ৷

মনুষ্য যেমন কর্ম্ম করেন আর যেমন আচরণ করেন, তাঁহার সেইরূপ গতি হয়; যিনি সাধু কর্ম্ম করেন তিনি সাধু হয়েন আর যিনি পাপ কর্ম্ম করেন তিনি পাপী হয়েন; পুণ্য কর্ম ফলে আত্মা পবিত্র হয় আর পাপ কর্ম ফলে আত্মা পাপময় হয়।

. যে ব্যক্তি অবিবেকী ও যাহার মন অবশীভূত, তাহার ইন্দ্রিয় সকল সার্থির মুষ্ট অশ্বের ম্যায় বশে থাকে না।

যিনি জ্ঞানবান্ এবং স্ববশচিন্ত, ভাঁহার ইন্দ্রিয় সকল সার্থির বশীভূত অশ্বের ন্যায় বশে থাকে 1

যিনি অজ্ঞ ও অবশচিত্ত এবং সর্মাদা অ-শুচি, তিনি সেই ব্রহ্মপদ প্রাপ্ত হয়েন না, কিন্তু সংসার গতিকেই প্রাপ্ত হয়েন ৷

যিনি জ্ঞানবান, স্ববশ ও সর্বাদা শুদ্ধচিত্ত, তিনি সেই ত্রহ্মপদ প্রাপ্ত হয়েন, যে পদ প্রাপ্ত হইলে পুনর্বার আর জন্ম হয় না।

বিজ্ঞান যাঁহার সারথিও মন ৰূপ রর্জ্জু যাঁহার বশীভূত, তিনি সংসার পার সর্ব-ব্যাপি পরব্রক্ষের পরম স্থান প্রাপ্ত হয়েন।

তুর্বাদ্ধি অজ্ঞানি ব্যক্তিরা সেই সমুদায় লোক প্রাপ্ত হয়,যে সকল লোক আনন্দশূন্য এবং নিবিড় অন্ধকারে আরত।

ষোডশ অধ্যায়।

ব্রহ্মবিৎ ব্যক্তি শাস্ত দাস্ত নিষ্পাপ ও সহিষ্ণু ও একাগ্রচিত্ত হইয়া আপনাতেই পরমাত্মাকে দৃষ্টিকরেন ।

शाश हैं हात्क म्लार्स क्रिटि शादि ना, हैनि ममून्स शाशित অভিক্রম করেন; शाश हैं हात्क मञ्जाश मिर्छ शादि ना,हैनि ममून्स शाशित मञ्जाशिक हर्सन ।≉ जिनि निक्लाश, निर्माल-िछ ও পরব্রদোর मञ्जार्छ निःमংশ্য হইয়া ব্রদোগাসক হরেন।

তিনি আনন্দনীয় পরব্রদ্ধকে লাভ করিয়া আনন্দিত হয়েন; তিনি শোক হইতে
উত্তীর্ণ হয়েন, তিনি পাপ হইতে উত্তীর্ণ
হয়েন, এবং হৃদয়গ্রন্থি সমুদ্য হইতে বিমুক্ত
হইয়া অমৃত হয়েন 1

সত্য হইতে বিচ্ছিন্ন হইবেক না, ধর্ম হইতে বিচ্ছিন্ন হইবেক না, শুভ কর্ম হইতে বিচ্ছিন্ন হইবেক না। সভ্যকথা কহ; যেব্যক্তি মিথ্যাকহে, সে সমূলে শুদ্ধ হয়।

ধর্মাচরণ কর । ধর্মের পর আর নাই, ধর্ম সকলেরই পক্ষে মধু স্বৰূপ।

শ্রদ্ধার সঁহিত দান করিবেক, অশ্রদ্ধার সহিত দান করিবেক না।

মাতাকে দেবতুল্য, পিতাকে দেবতুল্য, আচার্য্যকে দেবতুল্য জান ।

যে সকল অনিন্দিত কর্মা, তাহার অনু-ষ্ঠান ক্রিবেক; নিন্দিত কর্ম্মের অনুষ্ঠান ক্রিবেক না।

আমরা যে সকল সদাচার করিয়া থাকি, তুমি তৎ সমুদায়ের অনুষ্ঠান কর; তদ্ভিন্ন অন্য কর্ম্মের অনুষ্ঠান করিও না!

যে ব্ৰহ্মবিৎ এই সমস্ত উপায় দ্বারা ব্ৰহ্মপ্রাপ্তির যত্ন করেন, তাঁহার আত্মা ব্রহ্ম-ৰূপ নিকেতনে প্রবিষ্ট হয়।

হে দিব্য-ধাম-বাসি অমৃতের পুক্ত সকল, তোমরা শ্রুবণ কর 1

আমি এই তিমিরাতীত জ্যোতির্ময় ম-

হান্ পুরুষকে জানিয়াছি; সাধক কেবল তাঁহাকেই জানিয়া মৃত্যুকে অতিক্রম করে, তদ্ভিন্ন মুক্তি প্রাপ্তির আর অন্য পথ নাই।

আপনাতেই নিত্য স্থিতি ক্রিতেছেন যে অরমাত্মা, তিনিই জানিবার যোগ্য; তাঁহার পর জানিবার যোগ্য আর কোন পদার্থ নাই ৷

কৃতবুদ্ধি, আসজিন্থীন, প্রশান্তচিত্ত ঋষি
সকল ই হাকে সমুক্ প্রাপ্ত হইয়া জ্ঞান
দারা তৃপ্ত হয়েন; সেই সকল সমাহিতচিত্ত
দার ব্যক্তি সর্ব্বব্যাপী প্রমাত্মাকৈ সর্ব্বত্র প্রাপ্ত হইয়া সকলেতে প্রবিষ্ট হয়েন।

হে প্রিয় শিষ্য! জীব, সমুদ্য় ইন্দ্রিয়,
সমস্ত প্রাণ, ও ভূত সকল যাহাতে স্থিতি
করে, সেই অবিনাশী পরমাত্মাকে যে ব্যক্তি
জানিতে পারেন, তিনি সর্বাক্ত হয়েন এবং
সকলেতে প্রবেশ করেন।

যে এই আকাশে জ্ঞানময় অমৃতময় পুরুষ, যিনি সমুদয় অনুভব করিতেছেন, সাধক কেবল তাঁহাকেই জানিয়া মৃত্যুকে অতিক্রম করে, তদ্ভিন্ন মুক্তি প্রাপ্তির আর অন্য পথ নাই।

এই আদেশ, এই উপদেশ, এই শাস্ত্র, এই প্রকারে তাঁহার উপাসনা করিবেক,এই প্রকারে তাঁহার উপাসনা করিবেক ৷

প্রথম খণ্ড সমাপ্ত ৷

দ্বিতীয় খণ্ড

প্রথম অধ্যায়

আচার্য্য শিষ্যকে ধর্ম্মোপদেশ করি-তেছেন ৷

গৃহস্থ ব্যক্তি ব্রহ্মনিষ্ঠ ও তত্ত্বজ্ঞান পরা-য়ণ হইবেন; যে কোন কর্ম ক্রুন, তাহ। পরব্রহ্মেতে সমর্পণ করিবেন।

গৃহী ব্যক্তি পিতামাতাকে সাক্ষাৎ

প্রত্যক্ষ দেবতা স্বরূপ জানিয়া সর্ব্বপ্রযত্নে

সর্ব্বদা তাঁহারদের সেবা করিবেন ৷

কুলপাবন সংপুক্ত পিতামাতাকে মৃত্যুবাক্য কহিবেক, সর্বাদা তাঁহারদের প্রিয় কার্য্য করিবেক এবং আজ্ঞাবহ থাকি-বেক। সকল গুরুর মধ্যে মাতা পরম গুরু হয়েন। মাতা পৃথিবী অপেক্ষাও গুরু, আর পিতা আকাশ অপেক্ষাও উচ্চতর।

সন্তান হইলে পিতা মাতা যেঁৰপ ক্লেশ সহ্য করেন,শতবৎসরেও তাহার পরিশোধ করিতে কেহ শক্ত হয় না।

জ্যেষ্ঠ ভ্রাতা পিতৃ তুল্য, ভার্য্যা ও পু্দ্র স্বীয় শরীরের ন্যায়, দাসবর্গ আপনার ছায়া স্বৰূপ, আর ছহিতা অতি রূপাপাত্র; এই হেতু এ সকলের দ্বারা উত্ত্যক্ত হই-লেও সন্তুপ্ত না হইয়া সর্বাদা সহিষ্ণুতা অব-লয়ন করিবেক।

পরের অত্যক্তি সকল সহ্থ করিবেক, কাহাকেও অপমান করিবেক না; এই মানব দেহ ধারণ করিয়া কাহারও সহিত শক্রতা করিবেক না।

দিতীয় অধ্যায়

পুরুষ যাবৎ স্ত্রী গ্রহণ না করেন,তাবৎ তিনি অর্জেক থাকেন। যে গৃহ বালক দারা পরির্ত না হয়, সে গৃহ শাশান সমান।

সন্তান উৎপত্তির নিমিত্তে স্ত্রী সকল বছ কল্যাণপাত্রী এবং আদরণীয়া; ইহাঁ-রা গৃহ উজ্জল করেন। স্ত্রীরা গৃহের শ্রী স্বৰূপা, স্ত্রীতে আর শ্রীতে কিছুই বিশেষ নাই।

পুরুষ সর্বাবয়ব সম্পূর্ণা এবং সুশীলা জ্রীর সহিত বিবাহ করিবেক ৷ যে কন্যা মূল্য দ্বারা জীত হয়, সে বিধি সন্মত পত্নী নহে ৷

ত্রী পুরুষে মরণান্ত পর্যান্ত পরস্পর কাহারও প্রতি কেহ ব্যভিচার করি-বেক না; সংক্ষেপেতে তাঁহারদের এই পরম ধর্ম জানিবে। স্বামী ও ভার্য্যা পরস্পর বিযুক্ত হইয়া

যাহাতে কেহ কাহার প্রতি ব্যভিচার না

করেন, এমত যত্ন তাঁহারা সর্বাদা করিবেন 1

যে পরিবারে স্বামী ভার্য্যার প্রতি,এবং ভার্য্যা স্বামীর প্রতি নিত্য সম্ভুষ্ট, সে পরি-বারে নিশ্তিত কল্যাণ।

সেই ভার্য়া যে পতিপ্রাণা, সেই ভার্য্যা যে সন্তানবতী, এবং সেই ভার্য্যা যাহার মন এবং বাক্য ও কর্ম শুদ্ধ, আর যিনি পতির আজ্ঞানুসারিণী ৷

ছায়ার ন্যায় তিনি স্বামীর অনুগতা ও সখীর ন্যায় তাঁহার হিতকর্ম সাধিকা হই-বেন এবং স্বচ্ছা থাকিবেন, এবং সর্বদ্ধা প্র-হৃষ্ট থাকিয়া গৃহ কার্য্যেতে সুদক্ষ হই-বেন ৷

কাহারও সহিত তিনি বিবাদ করিবেন না, অনর্থক বহু ভাষণ করিবেন না, অপরি-মিত ব্যয় করিবেন না এবং ধর্মা ও অর্থ বিষয়ে বিরোধিনী হইবেন না।

যে ভার্য্যা পতির প্রিয় ও হিত কার্য্যে

নিযুক্ত থাকেন এবং সদাচারা ও সংযতে? ক্রিয়া হয়েন, তিনি ইহ লোকে কীর্ত্তি ও পরলোকে অনুপম সুখ প্রাপ্ত হয়েন।

জীর। স্বামির বাক্য প্রতিপালন করি-বেন, ইহা তাঁহারদের পরম ধর্ম। স্বামী সদাচারশীলা পত্নীকে পরিত্যাগ করিলে ধর্মা হইতে পতিত হয়েন।

ন্ত্রীদিগকে অত্যম্প ছঃসঞ্চ হইতেও বিশিষ্ট ৰূপে রক্ষা করিবেক, যেহেত্ স্ত্রী সুরক্ষিতা না হইলে পিতৃ কুল ও ভর্তৃ কুল উভয় কুলেরই শোকের কারণ হয়েন।

বিশ্বস্ত ও আজ্ঞাবহ ব্যক্তিগণ কর্তৃক গৃহ মুধ্যে রুদ্ধা থাকিলেও ব্রীরা অরক্ষিতা; ঘাঁহারা আপনাকে আপনি রক্ষা করেন, তাঁহারাই সুরক্ষিতা।

জ্যেষ্ঠ ভাতার ভার্য্যা কনিষ্ঠ ভাতার গুরু পত্নী স্বৰূপ, আর কনিষ্ঠ ভাতার ভার্য্যা জ্যেষ্ঠ ভাতার পুত্রবধূ স্বৰূপ; ইহা মুনিরা কহিয়াছেন ৷

তৃতীয় অধ্যায়

গৃহস্থ স্থীয় স্ত্রীকে প্রতিপালন করিবেক, পু্ত্রদিগকে বিদ্যাভ্যাস করাইবেক, এবং স্বজন ও বন্ধুবর্গকে রক্ষা করিবেক;এই সনা-তন ধর্মী।

কন্যাকেও এইৰূপ পালন করিবেক ও অতি যত্নের সহিত শিক্ষা দিবেক এবং ধন রত্নের সহিত সুপণ্ডিত পাত্রে সম্প্রদান করিবেক।

যে স্ত্রী যাদৃক্ গুণবিশিষ্ট ভর্তার সহিত বিধি পূর্বকে সংযুক্ত হয়, সে স্ত্রী তাদৃক্ গুণই প্রার্থ হয়; যেমন নদীর জল স্বান্থ হইয়াও সমুদ্রের সহিত সংযুক্ত হইলে লব-ণাক্ত হয়।

কন্যা যত দিন পতি মর্য্যাদা ও পতি-সেবা না জানে এবং ধর্ম শাসন অজ্ঞাত থাকে, ততদিন পিতা তাহার বিবাহ দিবেন না ৷

জ্ঞানবান্ পিতা . কন্যাদান নিমিন্ত কিঞ্জিমাত্রও পণ গ্রহণ করিবেন না, কারণ লোভাসক্ত হইয়া পণ গ্রহণ করিলে সন্তান বিক্রম করা হয় 1

চতুর্থ অধ্যায়

প্রতিদিন প্রাণিদিগের মাংস ভোজন করিয়াও ভোক্তা দুষ্য হয় না, কারণ পর-মেশ্বর ভক্ষ্য ভক্ষক উভয় প্রকার প্রাণিই সৃষ্টি করিয়াছেন ৷

অতিভোজনৈ রোগ জন্মে, আয়ুংক্ষয়
হয়, পারলোকিক সুখপ্রাপ্তিতে প্রতিবন্ধক
ঘটে, সৎকর্মের অনুষ্ঠানে ব্যাঘাত জন্ম
এবং লোকনিন্দা হয়; অতএব অপরিমিত
ভোজন করিবেক না

নিক্রাদার। নিক্রাকে জয় করিবেক না, কামদারা স্ত্রীকে জয় করিবেক না, কাষ্ঠদার। অগ্নিকে জয় করিবেক না এবং পানদার। সুরাকে জয় করিবেক না।

অজ্ঞানী ব্যক্তি শিল্পোদরের নিমিত্তে বহু ভোজন করে, আর মোহাসক্ত হইয়া ইন্দ্রিয়ার্থের বুশীভূত হয়।

৫৮ বাক্ষধর্ম

অনন্তর সে যথেচ্ছা আহার বিহারে মুধ্ব হইয়া মহামোহজনক সুখেতে মগ্ন থাকে; আত্মাকে জানিতে পায় না।

যে ব্যক্তি নিয়মিত ৰূপে আহার বিহার ও কর্মানুষ্ঠান করে এবং নিয়মিত ৰূপে নিদ্রাযায় ও জাগ্রত থাকে,তাহার এপ্রকার যোগ দ্বারা ছঃখ নাশ হরে।

পঞ্চম অধ্যায়

সে কখন বৃদ্ধ হয় না, যাহার কেবল শুক্ল কেশ; কিন্তু যুবা হইয়াও যিনি বিদ্ধান, তাঁহাকে দেবতারা বৃদ্ধ বলিয়া জানেন 1

মৌন থাকা প্রযুক্ত কেহ মুনি হয় না, অরণ্য বাস প্রযুক্তও কেহ মুনি হয় না; কিন্তু যিনি আপনার লক্ষণ জানেন, তিনিই প্রোষ্ঠ মুনি 1

পুর্ব্ধ ধন সম্পত্তি নাই বলিয়া আপনাকে অবজ্ঞা করিবেক না। আমরণ ধন সম্পত্তির চেফী করিবেক; তাহা ছুর্লভ মনে করিবেক না।

যাহা কিছু পরাধীন তাহা ছংখের কারণ, আত্মবশ সকলই সুখের কারণ; সংক্ষে-পেতে সুখ তুংখের এই লক্ষণ জানিবে ৷

আপনার এবং লোভাতিশয় প্রযুক্ত পরের অর্থ নাশ করিবেক নাঃ যে ২েতু আপনার ও পরের ধন নাশ করিলে আপ-নাকে ও পরকে পীড়া দেওয়া হয় 1

যৌবন কালেই ধর্মশীল হইবেক,জীবন কখনই নিত্য নহে ; কে জানে অদ্য কাহার মৃত্যুকাল উপস্থিত হইবে ।

े चिनि वृक्षिमान, मफ्रतिज, मूमील, श्रम-समना, ও बक्षाकानी, जिनि ইश्टलाटक ममा-पत लाख পূर्वक পরলোকে मलाजि প্রাপ্ত श्रम ।

যাঁহার বাক্য ও মন সর্বাদ। সম্যক্-ৰূপে অপ্রমন্ত থাকে এবং ঘাঁহার তপস্যা, দান ও সত্য কথনের অনুষ্ঠান থাকে, তিনি প্রম পদ প্রাপ্ত হয়েন।

যে প্রশান্তচিত্ত ব্যক্তি ধর্মকে নিত্য আশ্রায় করিয়া কার্য্যোপায়ে দদা তৎুপর থাকেন, তিনি অধর্মের আলোচনা করেন না এবং পাপেতেও প্রবৃত্ত হয়েন না।

যে ব্যক্তি ধর্মা ও অর্থ পরিত্যাগ করিয়া ইন্দ্রিয় পরায়ণ হয়, সে শ্রী, প্রাণ,ধন, দারা, প্রভৃতি হইতে অবিলয়ে পরিচ্যুত হয়। আত্মা দারা যে আত্মা বশীভূত হই-য়াছে, দেই আত্মাই আত্মার বন্ধু ৷ আ-ত্মাই নিয়ত বন্ধু এবং আত্মাই নিয়ত রিপু ৷

উত্তম মানব জন্ম প্রাপ্ত হইয়া এবং ইন্দ্রিয় সৌষ্ঠব লাভ করিয়া যে ব্যক্তি আস্ম হিত না জানে, সে আত্মঘাতী হয়।

প্রথম বয়সে সেই কর্ম্ম করিবেক যদ্দ্রারা বৃদ্ধ কালে সুথে থাকিতে পারে, আর যাবজ্জীবন সেই কর্ম্ম করিবেক যদ্দ্রারা পরলোকে সুখী হইতে পারে ৷

মরণকেও ইচ্ছা করিবেক না এবং জীবন-কেও ইচ্ছা করিবেক না ; কালকেই প্রতীক্ষা করিয়া থাকিবেক ; যেমন কর্মচারী ভূতি লাভের কালকে প্রতীক্ষা করে।

यके ज्याग

সুখাথী ব্যক্তি সম্ভোষ অবলম্বন করিয়া সংযত থাকিবেক; যেহেতু সম্ভোষই সুখের মূল, এবং তদ্বিপরীত অসম্ভোষই ছুঃখের মূল।

নূর্থেরাই অসন্তোষ পরায়ণ হয়, আর পণ্ডিতেরা সন্তোষ অবলয়ন করেন। বিষয় ভূষণার অন্ত নাই, সন্তোষই পরম সুখ।

মনুষ্য পর্য্যায়ক্রমে সুখ ছঃখ ভোগ করেন। সুখ উপস্থিত হইলে তাহা সম্ভোগ করিবেক এবং ছঃখ উপস্থিত হইলে তাহা বহন করিবেক।

চিরকাল ছংখ থাকে না এবং চিরকালও সুখ লাভ হয় না। শরীর সুখ ও ছংখ উভয়েরই আশ্রয়।

সুখই হউক কিয়া ছুংখই হউক, প্রিয়ই হউক বা অপ্রিয়ই হউক, যাহা ঘটিবে, অপরাজিত চিত্তে তাহার সেবা করিবেক ! প্রিয় লাভ হইলে অভিমাত হাই হই-বেক না, এবং অপ্রিয় ঘটনা হইলে মিয়-মাণও হইবেক না। ধনকফ হইলে মুখা হইবেক না, এবং ধর্মাকে পরিত্যাগ করি-বেক না।

সন্তাপেতে ৰূপ যায়, সন্তাপেতে বল যায়, সন্তাপেতে জ্ঞান যায়, এবং সন্তা-পেতে ব্যধিকে প্ৰাপ্ত হয়।

সপ্তম অধ্যায়

আপনার যশঃ ও পৌরুষ, আর গো-পন রাখিবার নিমিত্তে যে কথা কথিত হয়, এবং পরের উপকারের নিমিত্তে আপনার দারা যে কার্য্য কৃত হয়,তাহা ধর্মজ্ঞ ব্যক্তি প্রকাশ করিবেন না।

ধীর ব্যক্তি সভ্য, মৃদ্ধু, প্রিয় ও হিতকর বাক্য বলিবেন, এবং আত্ম প্রশংসা ও পর-নিন্দা পরিভ্যাগ করিবেন 1

সতাই যাঁহার ব্রত, এবং সর্বাদা দীনে-তে যাঁহার দয়া এবং কাম কোধ যাঁহার অধীন, তাঁহার দারা তিন লোক জিত হই-য়াছে 1

যিনি পরস্ত্রীতে বিরক্ত, যিনি পরদ্রব্যে নিম্পৃহ, যিনি দম্ভ মাৎসর্য্য বিহীন, তাঁহার দারা তিন লোক জিত হইয়াছে।

यूटक ियनि छीछ इरायन ना, সংগ্রাম

যিনি পরাজা খ হয়েন না, ধর্ম যুদ্ধে যিনি নৃতই বা হয়েন, তাঁহার দারা তিন লোক জিত হইয়াছে।

সত্য কহিবেক ও প্রিয় কহিবেক; কিন্তু অপ্রিয় সত্য কহিবেক না,এবং প্রিয় মিথ্যাও কহিবেক না! ইহা সনাতন ধর্ম।

জল দারা গাত্র শুদ্ধি হয়, সত্য দারা মনঃ শুদ্ধি হয়, বিদ্যা ও তপস্যা দারা আত্ম শুদ্ধি হয়,এবং জ্ঞান দারা বুদ্ধি শুদ্ধি হয় 1

যে ব্যক্তি এক প্রকার হইয়া আপনাকে অন্য প্রকারে জানায়, সেই আত্মাপহারী চৌর কর্ত্তক কি পাপ না ক্বত হয়।

সত্যের সমান আর ধর্ম নাই, এবং সত্য হইতে প্রকৃষ্ট বস্তুও আর কিছু নাই; ইহলোকে মিথ্যার পর তীত্র পদার্থও আর নাই।

কেহ দানের দ্বারা প্রিয় হয়, কেহ প্রিয় বাক্যের দ্বারা প্রিয় হয়; কিন্তু অপ্রিয় হিত বচনের বক্তা এবং শ্রোতাও তুর্লভ।

অফ্টম অধ্যায়

সাক্ষাৎ দর্শন ও শ্রাবণে সাক্ষিত্ব হয়। সাক্ষী হইয়া সভ্য বলিলে ধর্মার্থ হইতে পরিভ্রম্ট হয় না।

যথা দৃষ্ট যথা শ্রুত সমুদায়ই যথার্থ বলিবে । সত্য কথন দ্বারা সাক্ষী শুচি হয় এবং ধর্মা রক্ষিত হয়।

ে যে সাক্ষির সচেতন আত্মা মিথ্যা কহিয়াছি এমত সন্দেহও করেন না, দেবতারা
এই লোকে তাঁহা হইতে আর কাহাকেও
শ্রেষ্ঠ বলিয়া জানেন না।

হে ভদ্র! আমি একাকী আছি, এই যে তুমি মনে করিতেছ, ইহা মনে করিবে না; এই পুণ্যপাপদশী সর্বাজ্ঞ পুরুষ তোমার স্থানয়ে নিত্য স্থিতি করিতেছেন।

নবম অধ্যায়

যাহা আপনার কল্যাণ জানিবে, তা-হাতে আপনাকে নিযুক্ত করিবেক। পা-পাচারী ব্যক্তির প্রতি পাপাচার করিবেক না, কিন্তু সর্বাদা সাধুই থাকিবেক।

সুখ ছাংখেতে যিনি অবিচলিত থাকেন, এবং সাধু সেবা করেন, সত্য ও সাধু কর্ম্মের অনুষ্ঠান দারা তাঁহার বুদ্ধি ধর্ম পথে দীপ্তি পায় 1

মূঢ় ব্যক্তিদিগের নহবানে সমূহ মো-হের উৎপত্তি হয়,এবং প্রতি দিন সাধু সং-সর্গে নিশ্চিত ধর্মের উৎপত্তি হয় 1

যে ব্যক্তি মোহ হেতু হিত বাক্য গ্রহণ না করে, সে দীর্ঘসূত্রী হইয়া পুরুষার্থ হইতে ভ্রম্ক হয় এবং পশ্চাৎ সন্তাপে পতিত হয়।

যে ব্যক্তি সাধুদিগের অভিপ্রায় অভি-ক্রম করিয়া ১অসাধুদিগের মত অবলয়ন করে, তাহার মিত্রেরা তাহাকে অচিরাৎ বিপদ্যুস্ত দেখিয়া শোক করেন।

যিনি অবিবাদী, কর্মক্ষম, ক্তক্ত, বুদ্ধিন মান্ও সরল হয়েন, তিনি ভূমগুলে কীর্ত্তি লাভ করেন, এবং কোন অনর্থ সাধন কর্মে যুক্ত হয়েন না।

কৃতঘের যশই বা কোথায়, স্থানই বা কোথায়, সুথই বা কোথায়। কৃত্যু ব্যক্তি শ্রুদ্ধার পাত্র নহে, কৃতঘের নিক্ষৃতি নাই।

দশম অধ্যায়

যিনি ভক্ষ্য পেয় দ্রব্য বিভাগ করিয়া অন্যের সহিত পান ভোজন করেন, এবং দানশীল, ভোগবান, সুখবান্ ও অহিংসক হয়েন, তিনি পরম আরোগ্য সম্ভোগ করেন।

দাতা আপনার শ্রদ্ধা অনুসারে এবং পাত্রের যোগ্যতা স্তুনুসারে দান ক্রিয়ার অপে বা বছ্ফল লোকান্তরে প্রাপ্ত হয়।

হে তাত! ভূমগুলে দান অপেকা তুদ্ধর কর্ম আর কিছুই নাই; যেহেতু অ-র্থেতে লোকের মহতী ভূষা, এবং সেই অর্থ অতি তুঃখেতে লাভ হয়।

অন্যায়োপাৰ্জ্জিত ধন দারা যে দান ধর্ম অনুষ্ঠিত হয়, তাহা সেই দাতাকে পাপ জনিত মহন্তয় হইতে পরিত্রাণ করিতে পারেনা। ন্যায়োপার্জিত ধন দারা জ্ঞান রক্ষা করিবেক। অন্যায় আচরণ করিয়া যে জীবিকা লাভ করে, সে সর্বব ধর্মা হইতে বহিষ্কৃত হয়।

যথা শক্তি সতত অন্ন দান করিবেক, তিতিক্ষা করিবেক, ও নিত্য ধর্মানুষ্ঠান করিবেক, এবং সর্ব্বদাসর্ব্ব প্রাণিতে যথো-চিত সমাদর করিবেক ৷

রোগীকে শয্যা, শ্রাম্ভকে আসন, তৃ-ফার্ডকে পানীয়, এবং ক্ষুধিতকে ভোজ্য বস্তু প্রদান করিবেক ্রু

অন্নদাতা সর্ব্ব বস্তুতে সুতৃপ্ত হইয়া সুখ লাভ করেন । ভূমি দানের পর আর নাই; বিদ্যা দান তদপেক্ষাও় উৎকৃষ্ট।

দীন অন্ধ প্রভৃতি রূপা পাত্রদিগকে ঔষধ, পথ্য, আহার, এক্ষণীয় স্নেহ দ্রব্য, ও স্থান, এই সকল দান এবং অন্য অন্য দানও দিবেক 1

যে দানক্ষম ব্যক্তি ছংখজীবী স্ত্রী পুত্র স্বজনকে অবহেলা করিয়া পরজনকে দান করে, তাহার সেদান ক্রিয়া ধর্মের প্রতিকাপ মাত্র, বাস্তব সেধর্ম নহে; তাহা আপাতত মধু সমান সুস্বাত্র হয় বটে, কিন্তু
পরিণামে তাহার গরল সমান আস্বাদ
হয়।

একাদশ অধ্যায

জ্ঞান দারা মানসিক ছুংখ এবং ঔষধ দারা শারীরিক ছুংখ হনন করিবেক। ক্ত-বুদ্ধি ব্যক্তিরা পরম গতিকে প্রতীতি করিয়া আর শোক করেন না।

অভিমান পরিত্যাগ করিয়া প্রিয় হইবেক, ক্রোধ পরিত্যাগ করিয়া শোচনা-শূন্য
হইবেক, কামনা পরিত্যাগ করিয়া অর্থবান্
হইবেক, এবং লোভ পরিত্যাগ করিয়া
মুখী হইবেক।

কোধ অতি ছুর্জ্নর শক্র, লোভ অনন্ত ব্যাধি। যিনি সর্বজীবের হিতৈষী তিনি সাধু, আর যে নির্দ্দিয় সেই অসাধু বলিয়া উক্ত হইয়াছে।

যিনি ইন্দ্রিয় ও মনঃ সংযম করিয়াছেন, তিনি আর বারয়ার ক্লেশ প্রাপ্ত হয়েন না। শান্তচিত্ত ব্যক্তি পর-শ্রী দেখিয়া কখন কাতর্হয়েন না।

অন্যের ধনে, ৰূপে, বীর্য্যে, কুলে, সম্ভানে, সুখে, সৌভাগ্যে, সৎক্রিয়াতে যে ব্যক্তি ঈর্ষা করে,তাহার ব্যাধির আর অন্ত নাই ৷

মিত্রভোহী, ছুফীস্বভাব, নান্তিক, জুর, শঠ, এবং গুণবানের যে দ্বেষী, তাহাকে পণ্ডিতেরা নরাধম করিয়া বলিয়াছেন।

যে ব্যক্তি কার্য্যকে অকার্য্য এবং অকা-র্য্যকে কার্য্য রূপে জ্ঞান করে, সে ইন্দ্রিয় সং-যমশূন্য বালক স্বরূপ। সে অত্যন্ত তুঃখকে সুখ বোধ করে।

দাদশ অধ্যায

থৈর্য্য, ক্ষমা, মনঃসংযম, অচৌর্য্য, দেই ও অন্তর শুদ্ধি, ইন্দ্রিয় নিগ্রহ, শাস্ত্র জ্ঞান, ব্রহ্মবিদ্যা,সত্যকথন ও অক্রোধ্য ধর্মের এই দশ প্রকার লক্ষণ।

ব্রীবিশিষ্ট ব্যক্তি পাপের দ্বেষ করেন, তাঁহার প্রীরৃদ্ধি হয়; ব্রী নফ হইলে ধর্মে বাধা জন্মে, এবং ধর্ম হানি হইলে প্রীভ্রংশ হয়।

যিনি অসূয়া-শূন্য ও রুতজ্ঞ হয়েন এবং শুভ কর্মের অনুষ্ঠান করেন, তিনি সুখ, ধর্মা, অর্থ ও স্বর্গ লাভ করেন।

সকল লোকই দণ্ড দার। শাসিত হয়; শুদ্ধ-চরিত্র মনুষ্য অতি তুর্লভ। দণ্ড ভয়েই সকল ভ্রন প্রতিপালিত হইতেছে।

অন্যায় দণ্ড করিলে ইহলোকে যশ ও কীর্জিনাশ হয়, এবং পরলোকে স্বর্গ হানি হয়; অভএব তাহা পরিত্যাগ করিবেক। ক্ষমা দারা লোক বশীভূত হয়,ক্ষমা প-রম্ ধন্; ক্ষমা অশক্তদিগের গুণ, শক্তদিগের ভূষণ।

্ শুভাকাজ্ফী ব্যক্তি যেমন আপনাকে তদ্ধপ পরকে দেখিবেন, কারণ আত্মপর সকলেতেই সুখ ছঃখ সমান।

যিনি পরস্ত্রীদিগকে মাতৃবৎ, পরক্রব্য সমূহকে লোফবৎ ও সর্ব্ব প্রাণিকে আত্ম-বৎ দেখেন, তিনিই যথার্থ দেখেন।

ত্ৰযোদশ অধ্যায

অন্যের পরিবাদ দিয়া সাধু ব্যক্তি যেমন সম্ভপ্ত হয়েন, তুর্জ্জন ব্যক্তি তজপ অন্যের পরিবাদ দিয়া তৃষ্ট হয়।

যিনি বিপৎকালে ব্যথিত হয়েন না, যিনি কর্ম-দক্ষ, সদা উদ্যোগী,প্রমাদ রহিত ও বিনীত-স্বভাব, তিনি সর্বাদা কুশল দর্শন করেন।

অবিনয় দোবে অশ্বরথাদি বছ পরিছেদ বিশিষ্ট অনেক রাজাও নফ হইয়াছেন। অনেকে বনবাসি হইয়াও বিনয় গুণে রাজ্য লাভ করিয়াছেন।

যে কর্মা করিলে আপ্রতৃষ্টি লাভ হয়, তাহা অতি যত্ন পূর্বাক অনুষ্ঠান করিবেক; তদ্বিপরীত কর্মা পরিত্যাগ করিবেক।

মনুষ্য স্থসাধ্যমত কোন ধর্ম-কার্য্য সাধনে যত্ন করিয়াও যদি কৃতকার্য্য না হয়েন; তথাপি তিনি তজ্জন্য পুণ্য লাভ করেন; ইহাতে আমার সংশয় নাই 1

চতুৰ্দশ অধ্যায

সার্থি যেমন অশ্ব সকলের সংযম করেন, তত্রপ অপহরণশীল বিষয়ে প্রবৃত্ত ইিন্দ্রে সকলের সংযমে জ্ঞানি ব্যক্তি যত্ন করিবেন।

মন যদি স্বেচ্ছাচারি ইন্দ্রিয় সকলের অনুগামি হয়, তবে বায়ু যেমন নৌকাকে জলেতে মগ্ন করে, ঐ মনও তদ্রপ পুরুষের বুদ্ধিকে নফ্ট করে ।

কাম্য বস্তুর উপভে:গ দারা কামনার কথন নির্ত্তি হয় না, প্রত্যুত ঘৃত-প্রাপ্ত অগ্রির ন্যায় আরও রৃদ্ধিই হইতে থাকে।

সকল ইন্দ্রিরে মধ্যে যদি এক ইন্দ্রিরের স্থালন হয়, তবে তাইগতেই লোকের
বুদ্ধি ভংশ হয়; যেমন চর্মময় পাতের
এক মাত্র ছিত্র দারা সমুদয় জল নিঃসৃত
হইয়া যায়।

95

যেমন জ্ঞান অবলয়ন দ্বারা বিষয়াসক্ত ইন্দ্রিয় সকলকে নিভ্য বশে রাখা যায়, নিতান্ত ভোগ পরিত্যাগ দ্বারা সেৰূপ পারা যায় না।

এসংসারে কাম ক্রোধের বশীভূত ব্যাক্ত অবিদান হউক বা বিদানই হউক, কামিনী গণ তাহাকে বিপথ-গামি করিতে সমর্থ रुग 1

যাহাতে শরীর কীণ না হয়, এমত উপায় দারা মন ও ইন্দ্রিয় সকল বশীভূত করিয়া সর্বার্থ সাধন করিবেক।

পঞ্চদশ অধ্যাষঃ

যখন মনুষ্য কোন প্রাণির প্রতি কর্ম, কি মন, কি বাক্য দারা কদাপি পাপাচরণ না করেন, তখন তিনি ব্রহ্ম লাভ করেন।

মনুষ্য পুণ্য কর্ম করিলে পবিত্র কীর্ত্তি লাভ করেন এবং পুণ্য লোকে গমন করেন; পুণ্য জীবের প্রাণ ধারণ করেন,পুণ্য প্রাণ-দাতা বলিয়া উক্ত হইয়াছেন।

যে ব্যক্তি অধর্দো প্রবৃত্ত হইয়া পাপ চিন্তা করে, পাপ আলাপ করে,পাপ অনু-ষ্ঠান করে, তাহার সদ্যাণ সকল নম্ট হয়।

যাঁহার। মন, ও বাক্য, ও কর্মা ও বুদ্ধি দার। পাপাচরণ না করেন, সেই মহাত্মা-রাই তপস্যাকরেন; যাঁহার। শরীর শোষণ করেন, তাঁহারা তপস্যাকরেন না।

প্রাক্ত ব্যক্তি ধর্মেতে রমণ করেন, এবং ধর্মপথে জীবিকা লাভ করেন। এই প্রকা- রেই মনুষ্য ধর্ম্মাত্মা হয়, এবং ই হার চিত্ত প্রসাদ লাভ করে।

যাঁহার আত্মা পাপ হইতে বিরত হই-য়াছে, এবং শুভকার্য্যে রত হইয়াছে, তিনি জানেন যে কি স্বভাব সিদ্ধ আর কি স্বভাব বিরুদ্ধ 1

যে মনুষ্য জ্ঞান নেত্র লাভ করিয়াছেন,
তিনি আর ইহলোকে দোবেতে আবদ্ধ
হয়েন না ৷ তিনি স্বেচ্ছানুসারে রাগ
পরিত্যাগ করেন, কিন্তু ধর্ম্ম পরিত্যাগ করেন না ৷

পাপাত্মা ব্যক্তি পাপ হইতে নিবারিত হইলেও পাপ ইচ্ছা করে। ধর্মশীল ব্যক্তি-কে পাপ কর্মো প্রবৃত্তি দিলেও তিনি কল্যাণ ইচ্ছা করেন।

যে ব্যক্তি ধর্মকে অতিক্রম করে, ধর্ম
তাহাকে নফ্ট করেন,আর যিনি ধর্মকে রক্ষা
করেন, ধর্ম তাহাকে রক্ষা করেন। অতএব
ধর্মকে নাশ করিবেক না। ধর্ম হত হই য়া
আমারদিগকে নফ্ট না করুন।

ধর্ম কেবল একই মিত্র, যিনি মরণ কা-লেও অনুগামী হয়েন; আর সমুদায়ই শরীরের সহিত বিনাশ পায়।

ধর্ম নাই মনে করিয়া যাহারা সাধু ব্যক্তিদিগকে উপহাস করে, এবং ধর্মেতে অশ্রদ্ধা করে, তাহারা নিঃসন্দেহ বিনাশ পায়।

অপমানিত ব্যক্তি সুথে নিদ্রা যায়, সুখেতে জাগ্রৎ হয় এবং সুখেতে লোক যাত্রা নির্বাহ করে, কিন্তু যে অপমান করে সে বিনাশ পায়।

মনুষ্য পাপাচরণ করিলে অপকীর্ত্তি প্রাপ্ত হয় এবং অশুভ ফল ভোগ করে, পুণ্যানুষ্ঠান করিলে সৎকীর্ত্তি প্রাপ্ত হয় এবং অত্যন্ত শুভ ফল ভোগ করে।

অতএব দৃঢ়-প্রতিজ্ঞ হইয়া পাপ করি-বেক না। পুনঃ পুনঃ পাপ করিলে বুদ্ধি নাশ হয়।

ষোডশ অধ্যায়

যিনি প্রশস্ত কর্মের অনুষ্ঠান করেন, এবং নিন্দিত কর্ম পরিত্যাগ করেন, এবং গ্রহ্মাবান্ ও অনাস্তিক হয়েন, তাঁহার এই পাণ্ডিত্যের লক্ষণ।

ধর্মাই এক মঙ্গল সাধন, ক্ষমাই এক উত্তম শান্তি, বিদ্যাই এক পরম ভৃপ্তি, এবং অহিংসাই কি সুখের কারণ 1

মানসিক, বাচনিক, এবং শারীরিক এই তিন প্রকার কর্ম্মেই শুভ এবং অশুভ ফল জন্মে ৷ মনুষ্যদিগের উত্তম, মধ্যম, অধম, তিন প্রকার কর্মা জনিত গতি হয় ৷

পরদ্রব্য লাভের আলোচনা, লোকের অনিফ চিন্তন, এবং ঈশ্বরেতে পরকালেতে অবিশ্বাস,এই তিন প্রকার মানসিক কুকর্ম। নিষ্ঠুর বাক্য, মিথ্যা কথা, পরোক্ষে পরনিন্দা এবং অসমন্ধ প্রলাপ বাক্য। এই চারি প্রকার বাচনিক কুকর্ম।

় অদন্ত ধন গ্রহণ, অবিহিত হিংসা, পর-দারসেবা; এই তিন প্রকার শারীরিক কুকর্মা।

সকল প্রাণির হিতার্থে আপনার মন ও বাক্য ও শরীর এই তিনকে দমন করিয়া এবং কাম ক্রোধকে সংযম করিয়া মনুষ্য সিদ্ধি প্রাপ্ত হয়েন।

পাপ করিয়া তন্নিমিত্ত সন্তাপ করিলে সেই পাপ হইতে সে মুক্ত হয় ৷ এমন কর্মা আর করিব না এই প্রাক্তিন করিয়া তাহা হইতে নির্ভ হইলে সে পবিত্র হয় ৷

मक्षमम अधाय

रय मनुषा व्यथार्भिक ও मिथा। कथन याद्यात धन लाट्डित छेभाग এवং य वाङि मर्कान। भारतिहरमाग त्रक, भारतिहरू देह लाटक मूथ ब्याख है जन।

ধর্মপথে থাকিয়া নিতান্ত অবসন হই-লেও অধার্মিক পার্পিদিগের আশু বিপর্য্যয় দুক্টে অধর্মে মনোনিবেশ করিবেক না।

অধর্ম দারা আপাততঃ বর্দ্দিত হয় ও কুশল লাভ করে, সংশক্ত জয় করে; পরে সমূলে বিনাশ পায়।

কোন প্রাণিকে পীড়া না দিয়া পর-লোকে সাহায্য লাভার্থে পুত্তিকেরা যেরূপ বল্লীক প্রস্তুত করে, তদ্ধপ অপ্পে ধর্ম সঞ্চয় করিবেক।

পরলোকে সহায়ের নিমিতে পিতা মাতা, স্ত্রী পুত্র, জ্ঞাতি বন্ধু কেহই থাকেন নাঃ কেবল ধর্মাই থাবৈন।

40

একাকী মনুষ্য জন্ম গ্রহণ করে, একাকীই মৃত হয়; একাকীই স্বীয় পুণ্য ফল
ভোগ করে; এবং একাকীই স্বীয় ছুষ্কৃতি
ফল ভোগ করে।

বান্ধবেরা ভূমিতলে মৃত শরীরকে কাষ্ঠ লোষ্টবৎ পরিত্যাগ করিয়া বিমুখ হইয়া গমন করেন; ধর্ম তাহার অনুগামী হয়েন।

অতএব আপনার সহায়ার্থে অপে অপ্পেধর্ম নিত্য সঞ্চয় করিবেক। জীব ধর্ম্মের সহায় দার। তুস্তর সংসার অন্ধকার হইতে উত্তীর্ণ হয়।

এই আদেশ, এই স্পিদেশ, এই শাস্ত্র, এই প্রকারে ভাঁহার উপাসনা করিবেক, এই প্রকারে ভাঁহার উপাসনা করিবেক।' এই শান্তিঃ শান্তিঃ শান্তিঃ। হরিঃ ওঁ।

দিতীয় খণ্ড সমাপ্ত 1



ধর্ম্মবীজ

- এই জগৎ উৎপত্তির পূর্বের কেবল এক পরব্রহ্ম মাত্র ছিলেন; অন্য পদার্থ মাত্র ছিল না। ত্রিতিনিই এই সমুদায সৃষ্টি করিলেন।
- তিনি জ্ঞান স্বৰূপ, অনন্ত স্বৰূপ, আনন্দ স্বৰূপ, মঙ্গল স্বৰূপ, নিত্য, নিয়ন্তা, সৰ্ব্বজ্ঞ, নিরব্যব, একমাত্র, অদ্বিতীয়, বিচিত্রশক্তিমান হয়েন।
- ও এক মাত্র তাঁহার উপাসনা দারা ঐহিক ও পারতিক মঞ্চল হয়।
- ৪ তাঁহাকে প্রীতি করা এবং তাঁহার প্রিয় কার্য্য সাধনা করাই তাঁহার উপাসন। হইয়াছে।

বান্ধপ্ৰতিজ্ঞা

় ওঁ অদ্য অমুকশকে অমুক মাসে অমুক দিবসে ভ্রাহ্মধর্ম গ্রহণ করিতেছি।

- সৃষ্টি স্থিতি প্রলয়কর্ত্তা, মুক্তির কারণ, সর্ব্বজ্ঞ, সর্ব্বব্যাপী, পূর্ণানন্দ, মঙ্গল স্থ্রপ, নিরব্যব, একমাত্র অদ্বিতীয় পর ব্রহ্মের প্রতি প্রীতিদারা, এবং তাঁহার প্রিয় কার্য্য সাধনা দারা, তাঁহার উপা-সনাতে নিযুক্ত থাকিব ।
- < সর্বব্রফী পরব্রত্মৰপে সৃষ্ট কোন বস্তুর আরাধনা করিব না 1
- রোগ বা বিপদের দিবস ভিন্ন, প্রতি
 দিবস যে কালে চিত্তের স্থিরতা হইবেক, সেই কালে শ্রদ্ধা এবং প্রীতি
 পূর্ব্বক পরব্রেক্ষেতে মনকে সমাধান
 করিব।
- 8 प्रश्करमात्र व्यव्यक्षीत्व यञ्जभीत थाकित ।

বান্ধপ্রতিজ্ঞা

- কুকর্ম হইতে নিরস্ত থাকিতে সচেফী
 হইব ।
- ৬ যদি মোহ দ্বারা কোন কুকর্ম দৈবাৎ করি তবে একান্তে তাহা হইতে মুক্তি ইচ্ছা করিয়া সাবধান হইব।
- প্রতিবৎসরে এবং আমার সাংসারিক তাবৎ শুভকর্মে ব্রাক্ষসমাজে দান করিব।

হেপরমেশ্বর! দুম্যক্র্পে এই পরম ধর্ম প্রতিপালন করিবার ক্ষমতা আমার প্রতি অর্পণ কর।

ওঁএকমেবাদ্বিতীয়ং।

সংক্রেপব্রক্রোপাসনা

ওঁ যে প্রকাশবান্ পুরুষ অগ্নিতে, যিনি জলেতে, মিনি বিশ্ব সংসারে প্রবিষ্ট হইয়া আছেন; যিনি এযধিতে, যিনি বনস্পতিতে স্থিতি করিতেছেন; সেই দেবতাকে বার বার নমস্কার করি।

मर्खर्गाभी, नित्रवस्त, मर्खभाभम् ना, विश्वक्षवान, मर्खळ, मर्खाख्यांभी, भतारभत्र, त्रथ्यकामश्रक्तभ, निष्ण भत्रत्मश्र मर्ख्य कात्म थळा मकलत्क यत्थाभयुक्त मूर्थछःथ विश्वन कित्रिक्तर्य, विश्वा हेर्स्ट थ्यान, मन् मन् हेस्त्रिस्, व्यवः व्याकाम, वायू, ज्याि , कल, भृथिवी । जावश्री हाता हत्र मृथे हहेसात् । जावा अभ्यक्तम् व्यामन बाता अभ्यक्तम् व्यास थक्ति हर्हेर्द्यह, श्र्या छेलाभ नित्द्रहरू , त्रय वाति वर्षन कित्रिक्त, वायू मक्षानिष्ठ हरेल्दह, व्याप्त वाति वर्षन कित्रिक्त कित्रक्ति कित्रक्ति हरेल्टह, वायू मक्षानिष्ठ हरेल्टह, व्याप्त स्वर भृज्य मक्ष्यन कित्रक्टह।

व्यार्गा।

ক্লে পরমান্থন! মোহকৃত পাপ হইতে
মুক্ত করিয়া এবং জুর্মতি হইতে বিরত রাখিয়া তোমার নিয়ম পালনে আমারদিগকে
যত্নশীল কর, এবং শ্রদ্ধা ও প্রীতি পূর্বক
অহরহ তোমার অপার মহিমা এবং পরম
মঙ্গল ও নির্মালানন্দ্রনপ চিন্তনে উৎসাহ
যুক্ত কর,যাহাতে ক্রমে নিত্য পূর্ণ সুখলাভ
করিতে সমর্থ হই 1

যিনি এক এবৎ বর্ণহান এবং দ্বিন প্রজাদিণের প্রয়োজন জানিয়া বহুপ্রকার শক্তিয়োগে ঝিরিপ কাম্য বস্ত বিধান করিতেছেন সমুদায় ব্রহ্মাণ্ড আদান্তমঞ্চা যাঁহাতে ব্যাপ্ত হইয়া রহিয়াছে তিনি দীপ্যমান প্রনেশ্র তিনি আমারদিগকে শুভবুদ্ধি প্রদান করুন।

ওঁএকমেবাদ্বিতীয়ং।

ইতি স**ংক্ষেপ ব্র**ক্ষোপাসন

গাযত্রীর অর্থ

সৃষ্টি স্থিতি প্রলয় কর্ত্ত। সর্ব্বলোক প্রকাশক সেই জগৎ প্রসবিতা পরম দেব-তার বরণীয় জ্ঞান ও শক্তি ধ্যান করি, যিনি আমারদিগকে বুদ্ধিবৃত্তি সকল প্রেরণ করিতেছেন।

প্রাতঃস্মরণীয

হে পরমান্মন তোমার আজ্ঞানুসারে লোকের হিতের নিমিত্তে এবং তোমার প্রীতির নিমিত্তে সংসার যাত্রা কিবাহ করিতে প্রবৃত্ত হই।

অশুদ্ধশোধন

পত্ৰ	পংক্তি	অশুদ্ধ	্ৰ প্ৰ
85	¢	অরমাত্মা	পরমাত্রা
U	ъ	ব্যধিকে	वप्राधिटक